চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 293 Friday, 22 September, 2023 ❋ ২৮ বর্ষ, ২৯৩ সংখ্যা ❋ ৪ আশ্বিন, ১৪৩০, শুক্রবার, ২২ সেপ্টেম্বর, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

এবার জমি-বাড়ি কেনার পর দলিল মিলবে দুয়ারে। অর্থাৎ ‘দুয়ারে দলিল’ পরিষেবা পাওয়া যাবে। দলিল সমস্যার হাত থেকে মিলতে চলেছে মুক্তি। ...বিস্তারিত পাতা ৩

পঞ্চায়েত নির্বাচন শেষ হওয়া এক মাসের বেশি হয়ে গেলেও মুর্শিদাবাদের সামশেরগঞ্জ থানা এলাকা থেকে বোমা উদ্ধারের কোনও বিরাম নেই। ...বিস্তারিত পাতা ৫

ইউক্রেনকে অস্ত্র সরবরাহ করবে না পোল্যান্ড। শস্য নিয়ে কূটনৈতিক বিরোধের জেরে এ সিদ্ধান্ত নিয়েছে ইউক্রেনের অন্যতম মিত্র দেশটি। ...বিস্তারিত পাতা ৬

এশিয়ান গেমসে পদকের দেখা মিললেও অলিম্পিকে শুধুই শূন্যতা। সেই ছবিই হানঝাউ থেকে পাল্টে দেওয়ার দায়িত্ব নিতে চাইছেন মানু ভাকের। ...বিস্তারিত পাতা ৮

আর ইডি-সিবিআইকে গুরুত্ব দিই না অভিষেক

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ কলকাতা হাইকোর্টে বৃহস্পতিবার লিপস অ্যান্ড বাউন্ডসের আধিকারিকদের সম্পত্তির নথি জমা দিয়েছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার এজলাসে মুখবন্ধ খামে সেই তথ্য জমা দিয়েছে ইডি। সেই প্রসঙ্গে এদিন দিল্লিতে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে প্রশ্ন করা হয়েছিল। জবাবে অভিষেকের বক্তব্য, তিনি অনেক আগেই ইডিকে নিজের সম্পত্তির হিসেব ও ব্যাঙ্ক অ্যাকাউন্টের তথ্য জমা দিয়েছেন। ফলে ইডির নতুন করে জমা দেওয়ার কিছু নেই বলেই মনে করছেন অভিষেক। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের কথায়, ‘‘২০২০ সালে আমি প্রথম যেদিন ইডিতে গিয়েছি, সেদিনই আমার যাবতীয় সম্পত্তির হিসেব এবং ব্যাঙ্ক অ্যাকাউন্ট ডিটেইলস জমা দিয়ে এসেছি। নতুন করে কী জমা দেবে? ওদের কাছে প্রথম থেকেই তো সব আছে। আমাকে পাঁচবার তলব করেছে। চারবার ইডি,

একবার সিবিআই। আমার স্ত্রীকে চারবার তলব করেছে। আমি এখন আর ইডি-সিবিআইকেকে গুরুত্ব দিই না।’’ উল্লেখ্য, কিছুদিন আগেই তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে কলকাতায় সিজিও কমপ্লেক্সে ইডির অফিসে ডেকে পাঠানো হয়েছিল। সেখানেও ইডির অফিসারদের জিজ্ঞাসাবাদ পর্ব শেষে অভিষেক ইডি-সিবিআই-এর তদন্ত প্রক্রিয়া নিয়ে খোঁচা দিয়েছিলেন। সেই নিয়ে কথা বলতে গিয়ে সত্যজিৎ রায়ের ফেলুদা কাহিনীর জটায়ু ওরফে লালমোহন গাঙ্গুলির প্রসঙ্গও টেনেছিলেন অভিষেক। ফেলুদার দৃষ্টিভঙ্গির সঙ্গে জটায়ুর দৃষ্টিভঙ্গির ফারাক বোঝাতে গিয়ে অভিষেক বলেছিলেন, জটায়ু আগে মনে মনে স্থির করে নিতেন কে অপরাধী, তারপর তাঁর উপর দোষ চাপিয়ে দিতেন। অভিষেকের মতে, ইডি-সিবিআই-এর তদন্ত প্রক্রিয়াও অনেকটা জটায়ুর মতো। এসবের মধ্যেই আজ ফের একবার ইডি-সিবিআই ইস্যুতে মুখ খুললেন অভিষেক। হাইকোর্টে লিপস অ্যান্ড বাউন্ডসের আধিকারিকদের সম্পত্তির হিসেব জমা দেওয়া প্রসঙ্গ জানিয়ে দিলেন, তিনি অনেক আগেই ইডিকে নিজের সম্পত্তির হিসেব দিয়ে দিয়েছেন।

আদালতে সিবিআই-এর রিপোর্ট স্বীকার করল পর্ষদ

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ টেট-এ ফেল করেও প্রাথমিকে চাকরি পেয়েছিল আরও ৯৬ জন। আদালতে দেওয়া সিবিআই-এর রিপোর্ট কার্যত স্বীকার করে নিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। এর আগে ২৬৫ জন টেট ফেল ব্যক্তির চাকরি বাতিল করার নির্দেশ দিয়েছিল আদালত। যদিও সেই চাকরি বাতিলের নির্দেশে সুপ্রিম কোর্টের অন্তর্বতী স্থগিতাদেশ রয়েছে। এদিন আদালতে বিচারপতি নির্দেশ দেন, প্রাথমিক নিয়োগ দুর্নীতির তদন্তে সিবিআই এবং ইডির অফিসাররা এবার পর্ষদের অফিসে যাবেন। দুই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকেরা এবার খতিয়ে দেখবেন, ওএমআর শিট ডিজিটাইজড করার সিদ্ধান্ত কে নিয়েছিলেন? কেন নিয়েছিলেন? কোন প্রক্রিয়ায় তা ডিজিটাইজড করা হয়েছিল? এগুলো সবই তদন্ত করে দেখতে হবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে। পাশাপাশি, তদন্তকারীদের সব রকমের সাহায্য করারও নির্দেশ দেওয়া হয়েছে প্রাথমিক শিক্ষা পর্ষদকে। আগামী ১০ অক্টোবর মামলার পরবর্তী শুনানি। ১০ অক্টোবরই রিপোর্ট পেশ করবে সিবিআই। এদিকে, ২০২০ সালের নিয়োগ প্রক্রিয়ার মেধাতালিকা নিয়েও দেখা দিয়েছে সমস্যা। ওয়েবসাইট হ্যাক হওয়ার কারণে সম্প্রতি পুলিশে অভিযোগ দায়ের করেছিল পর্ষদ। সাইটহ্যাকের কারণে তা প্রত্যাহার করা হয়। সেই পুলিশে অভিযোগের পরিণতি কী, রাজ্যের কাছে রিপোর্ট তলব করে জানতে চেয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। আগামী ১০ সেপ্টেম্বর মধ্যে সেই রিপোর্ট পেশের নির্দেশ দেওয়া হয়েছে। এদিন লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার ডিরেক্টর এবং শীর্ষকর্তাদের সম্পত্তির যাবতীয় তথ্য হলফনামা আকারে কলকাতা হাইকোর্টে জমা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি। প্রসঙ্গত, গত ১৪ সেপ্টেম্বর নিয়োগ মামলার শুনানি চলাকালীন বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছিলেন, ডিরেক্টর সহ লিপস অ্যান্ড বাউন্ড সংস্থার সমস্ত কর্তাব্যক্তিদের সম্পত্তির পরিমাণ জানাতে হবে আদালতকে। ২১ সেপ্টেম্বরের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছিল আদালতের তরফে। সেই নির্দেশ মেনে এদিন আদালতে হলফনামা জমা দেয় ইডি।

মিলল যন্তর মন্তরে ধরনার অনুমতি, রামলীলা ময়দানের দাবিতে অনড় তৃণমূল

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বরঃ দিল্লির রামলীলা ময়দানে তৃণমূল কংগ্রেসকে তাদের ধরনা কর্মসূচি করার অনুমতি দিল না দিল্লি পুলিশ। তবে, ৩ অক্টোবর দিল্লির যন্তর মন্তরে ধরনা অবস্থানের অনুমতি দেওয়া হয়েছে তৃণমূল কংগ্রেসকে। তারপরও অবশ্য রামলীলা ময়দান এবং কৃষি ভবনের সামনে অবস্থান বিক্ষোভের কর্মসূচিতে অনড় তৃণমূল নেতৃত্ব। এখনও পর্যন্ত মৌখিকভাবে সেই আবেদন প্রত্যাখ্যান করেছে দিল্লি পুলিশ। তৃণমূল সূত্রে জানানো হয়েছে, ২৩ সেপ্টেম্বর পর্যন্ত অপেক্ষা করবে তৃণমূল, তারপর তারা আদালতের দ্বারস্থ হবে। কেন্দ্রের পক্ষ থেকে বাংলার বকেয়া না মেটানোর প্রতিবাদে, ৩০ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবরের মধ্যে দিল্লির রামলীলা ময়দানে অবস্থান বিক্ষোভ করতে চায় তৃণমূল কংগ্রেস। তার জন্য ঘাসফুল শিবিরের পক্ষ থেকে দিল্লি পুলিশের কাছে অনুমতি চাওয়া হয়েছে। এছাড়া, ২ ও ৩ অক্টোবর কৃষি ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শনের জন্য অনুমতি চাওয়া হয়েছে। এই সব কর্মসূচির জন্য এখনও পর্যন্ত দিল্লি পুলিশকে ৪টি চিঠি দেওয়া হয়েছে। কিন্তু, কোনও চিঠিরই জবাব আসেনি বলে, জানিয়েছে তৃণমূল নেতৃত্ব। তৃণমূল সূত্রে জানা গিয়েছে, বাংলার বকেয়া নিয়ে দিল্লিতে ধরনা দেওয়ার জন্য, ১ অক্টোবরের মধ্যেই তৃণমূল নেতৃত্ব দলীয় সব সাংসদ, বিধায়ক, জেলা পরিষদের সভাধিপতি এবং পঞ্চায়েত সমিতির সভাপতিদের দিল্লিতে উপস্থিত হওয়ায় নির্দেশ দেওয়া হয়েছে। ২ অক্টোবর, রাজঘাটে মহাত্মা গান্ধির সমাধিস্থলে যাবেন মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়। মহাত্মাকে শ্রদ্ধা জানিয়েই দিল্লিতে তৃণমূল কংগ্রেসের ধরনা অবস্থান কর্মসূচির সূচনা হবে। একই সময়ে কলকাতায় গান্ধি মূর্তির পাদদেশে ধরনা দেবেন বাংলায় থাকা তৃণমূল নেতারা। পাশাপাশি সকল গ্রাম পঞ্চায়েত অফিসের সামনে গান্ধিজির ছবি

রেখে শ্রদ্ধা জানানো হবে। পঞ্চায়েত অফিসের সামনেই স্ক্রিন টাঙিয়ে দিল্লির কর্মসূচি দেখানোর ব্যবস্থা করা হবে। গ্রামের মানুষের বকেয়া নিয়ে শীর্ষ নেতৃত্ব যে দিল্লিতে প্রতিবাদ করছেন, তা গ্রামের মানুষের সামনে তুলে ধরা হবে। ৩ অক্টোবর, যন্তরমন্তর থেকে পদযাত্রা করে কৃষিভবন যাবেন তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। সকল সাংসদ, বিধায়ক, জেলা পরিষদের সভাতিপতিরাও অংশ নেবেন এই কর্মসূচিতে। অংশ নেবেন কয়েকজন কাউন্সিলরও। ‘বাংলার প্রতি কেন্দ্রের বঞ্চনা’ নিয়ে ৫০ লক্ষ চিঠি নিয়ে তৃণমূল নেতারা কৃষিভবনে যাবেন। পদযাত্রার আগে যন্তরমন্তরে অবস্থান বিক্ষোভ করবেন নেতৃত্ব।

আর জি করের খবর শুনে ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী

‘ঘাড় ধাক্কা দিয়ে সবাইকে বের করে দেব’, কড়া বার্তা বক্সির

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ রাজ্যে না থাকলেও, তাঁর কানে যাচ্ছে সব খবরই। সরকারি হাসপাতাল তথা মেডিক্যাল কলেজে গত কয়েকদিনে যে সব অভিযোগ সামনে এসেছে, তা শুনে রীতিমতো ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই কড়া ব্যবস্থা নিতে বিদেশ থেকেই এল খবর। আর জি কর-এর তৃণমূল ছাত্র পরিষদের সদস্যদের ডাকা হয়েছিল ওই বৈঠকে। সূত্রের খবর, গোপন ওই বৈঠকে ক্ষোভ উগরে দেন তৃণমূলের রাজ্য সভাপতি। ‘ঘাড় ধরে সবাইকে বের করে দেব’, এমন কথাও বলতে শোনা যায় দশ মিনিটের ওই বৈঠকে। এমন কাজ যেন ভবিষ্যতে আর না করা সাত বছর পরও কোনও কোনও নেতা কেন এখনও ইউনিয়নের কাজকর্ম নিয়ন্ত্রণ করছেন? দলের স্ক্যানারে রয়েছে তাঁদের ভূমিকাও। এমনকী দল জানতে পেরেছে, ওই হাসপাতালে চিকিৎসক আর ইন্টার্নদের কাছ থেকে নাকি মোটা অঙ্কের বার্ষিক চাঁদাও নেওয়া হয়ে থাকে। বৈঠকের গোপনীয়তা এতটাই

নির্দেশ। মমতার নির্দেশ শুনে জরুরি বৈঠক করলেন তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বকশি। কার্যত এক গোপন বৈঠক ডাকা হয়েছিল তৃণমূল ভবনে। কয়েকদিন আগেই আরজি কর হাসপাতালে অভিযোগ উঠেছে, অধ্যক্ষকে প্রবেশে বাধা দিয়েছে তৃণমূল ছাত্র পরিষদের সদস্যরা। আর এ কথা কানে পৌঁছতেই তৎপর হন মুখ্যমন্ত্রী। সে কারণেই এই বৈঠক বলে সূত্রের হয়, সে ব্যাপারে কড়া নির্দেশ দেওয়া হয়েছে। আর জি কর-এ নতুন অধ্যক্ষ নিয়োগ ঘিরেই অশান্তির সূত্রপাত হয়। স্বাস্থ্য দফতরের নিয়োগ করা নতুন অধ্যক্ষ মানস বন্দ্যোপাধ্যায়কে প্রবেশে বাধা দেওয়ার অভিযোগ ওঠে তৃণমূল ছাত্র পরিষদ পরিচালিত ইউনিয়নের বিরুদ্ধে। এরপরেই খবর যায় প্রশাসনিক স্তরে। খবর যায় নবান্নেও। অভিযোগ, ওঠে কোর্স শেষ হওয়ার ছিল যে তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য ও জেলা নেতৃত্বকেও এই বৈঠকের বিষয়ে কিছু জানানো হয়নি। আর জি কর সহ বেশ কিছু মেডিক্যাল কলেজে ছাত্র ইউনিট নিয়ে কড়া পদক্ষেপ করতে চলেছে দল, এমনটাই দাবি তৃণমূলের। উল্লেখ্য, আর জি কর-এর পর ন্যাশনাল মেডিক্যাল কলেজেও উঠেছে একগুচ্ছ অভিযোগ। সেখানেও নাম জড়িয়েছে তৃণমূল ছাত্র পরিষদের।

মাধ্যমিক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশনে ভুল হলে ফি দিতে হবে স্কুলকে! নির্দেশ পর্ষদের

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ মাধ্যমিক পরীক্ষার্থীদের তথ্য দিতে ভুল করলে স্কুলকেই দিতে হবে তার খেসারত। তার জন্য নেওয়া যাবে না অভিভাবক বা ছাত্র-ছাত্রীদের থেকে সংশোধন এর জন্য ফি। বোর্ডের তরফে দেওয়া নির্দিষ্ট সময়সীমার পরে অনেক স্কুলই ভুল তথ্য দিয়ে পাঠানোর পর সংশোধনের আর্জি জানায়। এবার তা নিয়েই কড়া মনোভাব মধ্যশিক্ষা পর্ষদের। বোর্ডের তরফে দেওয়া নির্দিষ্ট সময়সীমার পরে সংশোধনের জন্যই এই ফি দিতে হবে স্কুলকে। প্রত্যেকটি কেস পিছু ১০০০ টাকা করে সংশোধনের জন্য ফি দিতে হবে স্কুলকেই। এই মর্মে পর্ষদ নোটিশ দিয়েছে স্কুলগুলোকে। মাধ্যমিকের পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য পাঠানোর নির্দিষ্ট সময়সীমা দেওয়া রয়েছে। পরীক্ষার্থীদের তথ্য সংশোধনের জন্য অনলাইন ভেরিফিকেশন প্রক্রিয়াও শুরু করেছে পর্ষদ। কিন্তু তারপরেও একাধিক স্কুলের গড়িমসি নজরে এসেছে পর্ষদের। তার জন্যই এবার স্কুলকেই দিতে হবে মোটা অঙ্কের সংশোধিত ফি। এ বিষয়ে মধ্যশিক্ষা পর্ষদের চেয়ারম্যান রামানুজ গঙ্গোপাধ্যায় বলেন, ‘‘কিছু স্কুলের জন্য উদাসিনতার জন্য ভুল থেকে যাচ্ছে।



প্রায় ১০০-র উপরে স্কুলে লগ ইন পর্যন্ত করছে না। তাদের জন্য তো পড়ুয়ারা ক্ষতিগ্রস্থ হবে। তাই কোনও যদি ফি থাকে, তাহলে সেই ফি স্কুলকেই বহন করতে হবে। ছাত্র ছাত্রীরা বা তাদের অভিভাবকরা কেন দেবেন? তথ্য স্কুলের কাছে আছে। আর সেটা যথাযথ সময়ে পূরণ করা দায়িত্ব স্কুলের।’’ তিনি আরও বলেন, ‘‘আমরা সংশোধনের উইন্ডো ১০ দিন বাড়িয়েছি। আমরা রেজিস্ট্রেশন সার্টিফিকেট দিয়েও দিয়েছি। কিন্তু তারপরেও যদি দেখা যায় তথ্যে ভুল আছে, তাহলে সংশ্লিষ্ট পড়ুয়ার ৪টে সার্টিফিকেট পরিবর্তন করতে হয়। কিন্তু আমরা সেই জায়গায় যাব কেন? তার আগেই তো বিষয়টি সংশোধন করব। যেখানে স্কুলের ভুল-ত্রুটি আছে, সেটা স্কুলকেই বহন করতে হবে। ছাত্র ছাত্রীদের কাছে সেটা কোনওভাবেই দিয়ে দেওয়া উচিত নয়। সেটা আমরা চাইও না।’’

প্রবল বর্ষণে পাহাড়ে ধস নামার আশঙ্কা, উত্তরে জারি কমলা সতর্কতা

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ সকাল থেকেই শহরে সেভাবে রোদ্দুরের দেখা নেই। আংশিক মেঘলা আকাশ। মাঝে মাঝে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টিও হয়ে গিয়েছে কলকাতা ও শহরতলির বেশ কিছু জায়গায়। আগামী কয়েকদিনও আকাশ একইরকম থাকবে। আগামী শুক্রবার ও শনিবার (২২ ও ২৩ সেপ্টেম্বর) দক্ষিণের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আলিপুর আবহাওয়া দফতর থেকে এমনই পূর্বাভাস দেওয়া হয়েছে। এরপর বৃষ্টিপাতের পরিমাণ একটু একটু করে কমতে শুরু করবে বলে জানাচ্ছে হাওয়া অফিস। ২৪ সেপ্টেম্বর (রবিবার) থেকে বৃষ্টিপাতের পরিমাণ কিছুটা কমবে। আগামী ২৬ সেপ্টেম্বর অর্থাৎ মঙ্গলবার থেকে তা আরও অনেকটা কমে যাবে বলে জানাচ্ছে আলিপুর আবহাওয়া দফতর। যে নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে দক্ষিণের জেলাগুলিতে বৃষ্টিপাত বেড়েছিল, সেটি এখন অনেকটাই সরে গিয়ে দক্ষিণ-পূর্ব ঝাড়খণ্ডের উপর অবস্থান করছে। ফলে সপ্তাহান্ত থেকেই বৃষ্টিপাতের পরিমাণ একটু একটু করে কমবে। দক্ষিণবঙ্গের জেলাগুলিতে যখন বৃষ্টিপাতের পরিমাণ একটু একটু করে কমতে শুরু করেছে, তখন ঠিক উল্টো ছবি উত্তরের জেলাগুলিতে। গত ২৪ ঘণ্টায় উত্তরবঙ্গের জেলাগুলিতে প্রবল বৃষ্টি হয়েছে। শনিবার ও রবিবারও উত্তরের জেলাগুলিতে একইভাবে বৃষ্টি হবে। উত্তরের একেবারে উপররে দিকের পাঁচটি জেলা অর্থাৎ, দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ারে প্রবল বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ভারী বৃষ্টি হতে পারে উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও মালদাতেও। উত্তরবঙ্গের একাধিক জায়গায় ভারী থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরের একাধিক জেলায় বৃষ্টির কমলা সতর্কতাও জারি করা হয়েছে। গতকাল থেকেই শুরু হয়েছে উত্তরের জেলাগুলিতে প্রবল বর্ষণ। আগামী আরও ৪৮ ঘণ্টা একইরকম আবহাওয়া থাকবে বলে জানাচ্ছে আলিপুর আবহাওয়া দফতর। সেক্ষেত্রে উত্তরের নদীগুলিতে জলস্তর বাড়ার সম্ভাবনা থেকে যাচ্ছে। একইসঙ্গে দার্জিলিং ও কালিম্পং-এর পাহাড়ি এলাকায় ভূমিধসের আশঙ্কাও থেকে যাচ্ছে। নাগাড়ে বৃষ্টিতে উত্তরবঙ্গে দৃশ্যমানতাও কিছুটা কমতে পারে।

চার্জশিটে পার্থর নামে অনুমোদন রাজ্যপালের, আদালতে জানাল সিবিআই

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বরঃ চার্জশিটে প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের নামে অনুমোদন দিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। নিয়োগ দুর্নীতি মামলায় পার্থর নামে চার্জশিট পেশ করা হয়েছিল আগেই। সেই সময়েই রাজ্যপালের কাছে অনুমোদন চেয়েছিল সিবিআই। আজ, বৃহস্পতিবার আদালতে সিবিআই জানাল, সেই অনুমোদন মিলেছে ইতিমধ্যেই। এতদিন পর্যন্ত অনুমোদন না থাকায় আদালত চার্জশিট গ্রহণ করেনি। যেহেতু পার্থ চট্টোপাধ্যায় মন্ত্রী ছিলেন, আর মন্ত্রীকে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল, তাই তাঁর গ্রেফতারির ক্ষেত্রে বা চার্জশিটে নাম দেওয়ার ক্ষেত্রে রাজ্যপালের অনুমতির প্রয়োজন হয়। স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি-র নিয়োগ সংক্রান্ত মামলার ওই চার্জশিটে প্রাক্তন শিক্ষামন্ত্রী ছাড়াও আরও পাঁচ অভিযুক্তের নাম ছিল। নাম ছিল শান্তিপ্রসাদ সিনহা সহ একাধিক প্রাক্তন আধিকারিকের। সেই সব আধিকারিকের জন্য আবার অনুমোদন চাওয়া হয়েছে রাজ্য সরকারের কাছে। সেই অনুমোদন এখনও মেলেনি। ফলে ও চার্জশিট আদালত গ্রহণ করবে কি না, এ ক্ষেত্রে কোনও বিকল্প পথ রয়েছে কি না, সেই প্রশ্ন রয়ে যাচ্ছে। পার্থকে প্রথমে গ্রেফতার করেছিল ইডি। মাস কয়েক পর তাঁকে গ্রেফতার করে সিবিআই। তাঁদের হেফাজতে নিয়ে জেরা করার পর বিচার প্রক্রিয়ার ক্ষেত্রেও রাজ্যপালের অনুমোদনের প্রয়োজন ছিল। সেই অনুমতি আগেই দিয়েছেন রাজ্যপাল বোস। নিয়োগ দুর্নীতি মামলায় চাকরির বিক্রির গুরুতর অভিযোগ সামনে এসেছে। আর সেই অভিযোগে নাম জড়ায় পার্থ চট্টোপাধ্যায়ের। তাঁর বান্ধবীর বাড়ি থেকে নগদ প্রায় ৫০ কোটি টাকা উদ্ধার হওয়ার পর কেন্দ্রীয় সংস্থার সন্দেহ আরও বাড়ে। এরপরই পার্থ চট্টোপাধ্যায় ও তাঁর বান্ধবী অর্পিতা মুখোপাধ্যায়কে গ্রেফতার করা হয়েছিল। বর্তমানে তাঁরা দুজনেই জেল-বন্দি।

গায়ে কুলির পোশাক, মাথায় লাগেজ! ফের ভারত জোড়ো যাত্রায় রাহুল



নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বরঃ আনন্দ বিহার রেল স্টেশনে গিয়ে বৃহস্পতিবার কুলিদের সঙ্গে সাক্ষাৎ করলেন কংগ্রেস সাংসদ রাহুল গান্ধি। কুলিদের প্রথাগত লাল পোশাক পরেই সেখানে দেখা গিয়েছে রাহুলকে। এই ঘটনার ভিডিয়ো শেয়ার করেছে সংবাদ সংস্থা এএনআই। সেখানেম দেখা যাচ্ছে, কুলিদের পোশাক পরে লাগেজ মাথায় তুলছেন গান্ধি পরিবারের কংগ্রেস নেতা। এর পর সেখানে বসে কুলিদের সঙ্গে দীর্ঘ আলোচনা করেছেন তিনি। শুনেছেন তাঁদের সমস্যা এবং দাবিদাওয়ার কথা। এই ঘটনার কথা নিজেদের এক্স (অতীতের টুইটার) হ্যান্ডলে শেয়ার করেছে কংগ্রেস। সেই পোস্টে লেখা হয়েছে, ‘জনতার নায়ক রাহুল গান্ধি দিল্লির আনন্দ বিহার রেলস্টেশনে তাঁর কুলি বন্ধুদের সঙ্গে দেখা করেছেন।’ সম্প্রতি একটি ভিডিয়ো ভাইরাল হয়েছে। সেখানেই এক কুলি বন্ধু তাঁর সঙ্গে দেখা করার ইচ্ছা প্রকাশ করেছিলেন। সংবাদ সংস্থার শেয়ার করা ভিডিয়োয় দেখা যাচ্ছে, স্টেশনের বাইরে কুলিদের সঙ্গে কথা বলছেন রাহুল। নিজেদের সমস্যার কথা কংগ্রেস নেতাকে জানাচ্ছেন আনন্দ বিহার স্টেশনের কুলিরা। এই ঘটনা নিয়ে কংগ্রেস লিখেছে, ভারত জোড়ো যাত্রা চলছে।

জঙ্গিদের নিরাপদ আশ্রয় হয়ে উঠেছে কানাডা। বিদেশ মন্ত্রক

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বরঃ ‘পলিটিক্যালি ড্রিভেন’, অর্থাৎ, রাজনীতিই এর পিছনের চালিকাশক্তি। কানাডা-ভারতের কূটনৈতিক সম্পর্কের চূড়ান্ত অবনতির মধ্যে, ভারতের বিরুদ্ধে কানাডার অভিযোগ নিয়ে এই বৃহস্পতিবার এমনই প্রতিক্রিয়া দিল বিদেশ মন্ত্রক। এদিন, বিদেশ মন্ত্রকের সাপ্তাহিক সাংবাদিক সম্মেলনের সময়, বিদেশ মন্ত্রকের মুখপাত্র আরও দাবি করেন, কানাডার পক্ষ থেকে শুধু এই অভিযোগ ভাসিয়ে দেওয়া হয়েছে। কিন্তু সেই বিষয়ে কোনও সুনির্দিষ্ট তথ্য দেয়নি। অরিন্দম বাগচি আরও জানান, নিরাপত্তার খাতিরেই কানাডিয়ানদের এই মুহূর্তে ভিসা দেওয়া যাচ্ছে না। এর আগে, কানাডার সংসদে খালিস্তানি জঙ্গি নেতা হরদীপ সিং গুজ্জরের হত্যার পিছনে ভারত সরকারের এজেন্টদের সম্ভাব্য হাত রয়েছে বলে অভিযোগ করেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। তারপর থেকে বলা যেতে পারে দুই দেশের মধ্যে ঠান্ডা লড়াই শুরু হয়েছে। কূটনৈতিক সম্পর্ক একেবারে তলানিতে ঠেকেছে। কানাডার বিস্ফোরক অভিযোগের বিষয়ে এদিন বিদেশ মন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচি বলেন, ‘‘হ্যাঁ এই অভিযোগগুলি কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো প্রধানমন্ত্রীর কাছে তুলেছিলেন। প্রধানমন্ত্রী সেগুলি প্রত্যাখ্যান করেছেন।’’ ভারতে

কানাডার কূটনৈতিক উপস্থিতি কমানোরও নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন তিনি। অরিন্দম বাগচি বলেন, ‘‘আমরা কানাডা সরকারকে জানিয়ে দিয়েছি, আমাদের পারস্পরিক কূটনৈতিক উপস্থিতিতে সমতা থাকা উচিত। কানাডায় আমাদের যতজন কুটনীতিক আছেন, তার থেকে অনেক বেশি কানাডিয়ান কুটনীতিক ভারতে আছেন। আমি আশা করছি, কানাডার পক্ষ সংখ্যা কমানো হবে।’’ কানাডার অভিযোগ ভুল ধারণা বশতঃ বলে জানিয়েছেন তিনি। তিনি বলেন, ‘‘মনে হচ্ছে, কানাডা সরকারের এই অভিযোগগুলি মূলত রাজনৈতিকভাবে চালিত। আমরা সুনির্দিষ্ট তথ্য দেখতে ইচ্ছুক। কিন্তু, এখনও পর্যন্ত আমরা কানাডা থেকে কোনও তথ্য পাইনি। আমাদের পক্ষ থেকে, কানাডার মাটিতে থাকা ব্যক্তিদের অপরাধমূলক কর্মকাণ্ডের সুনির্দিষ্ট প্রমাণ দেওয়া হয়েছে। কিন্তু কানাডার পক্ষ থেকে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি।’’ তিনি আরও জানান, পাকিস্তান সন্ত্রাসবাদীদের তহবিল দেয় ঠিকই, কিন্তু, ক্রমে কানাডা-সহ পশ্চিমী কিছু দেশ জঙ্গিদের নিরাপদ আশ্রয় হয়ে উঠছে। সেখানে বসে নিশ্চিন্তে তারা নাশকতামূলক কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। অরিন্দম বাগচি বলেন, ‘‘কানাডায় জঙ্গিদের নিরাপদ আশ্রয় দেওয়া হচ্ছে। আমরা চাই কানাডিয়ান সরকার যেন তা না করে এবং যাদের বিরুদ্ধে সন্ত্রাসবাদের অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয় বা তাদের বিচারের জন্য ভারতে ফেরত পাঠায়। বছরের পর বছর ধরে আমরা কমপক্ষে ২০ থেকে ২৫ জনকে প্রত্যর্পণের অনুরোধ জানিয়েছি। কিন্তু তারা কোনও সহযোগিতা করেনি।’’ এর ফলে আন্তর্জাতিক মহলে কানাডার সমস্যা বাড়ছে বলেও জানান বিদেশ মন্ত্রকের মুখপাত্র। অরিন্দম বাগচি বলেন, ‘‘আমরা মনে করি, কানাডার আপনি তাদের সুনামের দিকে নজর দেওয়া দরকার। সন্ত্রাসবাদীদের, চরমপন্থীদের এবং সংগঠিত অপরাধীদের নিরাপদ আশ্রয়স্থল হিসাবে এর খ্যাতি ক্রমেই বাড়ছে। তাদের সুনামের ক্ষতি হচ্ছে। আমাদের মতে, আন্তর্জাতিক মহলে তাদের স্থান নিয়ে কানাডার চিন্তা করা উচিত।’’

কেন্দ্রীয় সরকারের কোনও লক্ষ্য নেই, শুধু জনগণকে বোকা বানানো হচ্ছেঃতেজস্বী যাদব

পাটনা, ২১ সেপ্টেম্বর ঃ মহিলা সংরক্ষণ বিল নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে আক্রমণ শানালেন বিহারের উপ-মুখ্যমন্ত্রী তথা আরজেডি নেতা তেজস্বী যাদব। তাঁর মতে, কেন্দ্রীয় সরকারের কোনও লক্ষ্য নেই, শুধু জনগণকে বোকা বানানো হচ্ছে। মহিলা সংরক্ষণ বিল প্রসঙ্গে বৃস্পতিবার তেজস্বী যাদব বলেছেন, কেন্দ্রীয় সরকারের কোনও লক্ষ্য নেই এবং জনগণকে বোকা বানানো হচ্ছে। আমি এমন কোনও বিল দেখিনি যেটি আজ পাশ হচ্ছে, কিন্তু ১০ বছর পরে বাস্তবায়িত হবে।তেজস্বী যাদব আরও বলেছেন, অনগ্রসর মহিলা এবং সংখ্যালঘু মহিলাদের জন্যও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। আদমশুমারি ও সীমানা নির্ধারণের পর এটি বাস্তবায়ন হবে, তাই কবে কার্যকর হবে তা কেউ জানে না। আমরা চাই যত তাড়াতাড়ি সম্ভব মহিলারা এর সুবিধা পান। আমাদের দাবি একটি জাতিগত শুমারিও করা হোক। প্রধানমন্ত্রী মোদী এর মাধ্যমে একটি নতুন 'জুমলা' নিয়ে এসেছেন, কিন্তু অনগ্রসর শ্রেণী এবং সংখ্যালঘুদের জন্য কোনও সংরক্ষণ নেই এবং এটি ২০২৯ সালে কার্যকর হবে। ওবিসি মানুষজন এই সব দেখছেন এবং তাঁরা জানেন কিভাবে নিজেদের অধিকার পেতে হয়।

ফের ভারতসেরা হল বাংলা!দুবাই থেকে উচ্ছ্বাস প্রকাশ মুখ্যমন্ত্রীর

দুরন্ত বার্তা ,২১সেপ্টেম্বরঃ বাংলাকে ভারতের সাম্প্রদায়িক সম্প্রীতির পীঠস্থান বলে ভূষীত করা হয়।সাম্প্রদায়িক সম্প্রীতির এক উকৃষ্ট উদাহরন মুর্শিদাবাদের নবগ্রাম। এবার সেই সবীকৃতির মুকুটে আরো এক রত্ন দ্বারা আভূষীত করল কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক। মুর্শিদাবাদের নবগ্রামেরকিরীটেশ্বরীকে দেশের ' পর্যটন গ্রাম' হিসাবে মনোনীত করল কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক।এই খবর শুনে স্বভবতই দারুন খুশি বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বৃহস্পতিবার তাঁর এক্স হ্যান্ডলে (সাবেক টুইটার) এ কথা জানিয়ে লিখেছেন, ' সঙ্গে জানাচ্ছি, পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার কিরীটেশ্বরীকে ভারত সরকারের পর্যটন মন্ত্রক ভারতের সেরা পর্যটন গ্রাম হিসেবে নির্বাচিত করেছে। দেশের ৩১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে প্রাপ্ত ৭৯৫টি আবেদনের মধ্যে ২০২৩ সালের ' পর্যটন গ্রাম প্রতিযোগিতা' হয়েছিল। সেখানেই এই নির্বাচন হয়েছে। আগামী ২৭ সেপ্টেম্বর নয়াদিল্লিতে হবে পুরস্কার প্রদান অনুষ্ঠান। আমি ওই গ্রামের বাসিন্দাদের অভিনন্দন জানাই। জয় বাংলা!''মুর্শিদাবাদের দহপাড়া রেলস্টেশন থেকে পাঁচ কিলোমিটার দূরে কিরীটেশ্বরী গ্রামে মন্দিরের অবস্থান। জনশ্রুতি, সেখানে সতীর মুকুট বা কিরীট পড়েছিল। সেই কারণে দেবীকে ' বলেও ডাকা হয়। ইতিহাস থেকে জানা যায়, ১৪০৫ সালে দেবীর প্রাচীন মন্দিরটি ভেঙে পড়ে। তার পরে উনবিংশ শতকে লালগোলার রাজা দর্পনারায়ণ রায় নতুন মন্দির নির্মাণ করান। পরবর্তী সময়ে মন্দিরের জন্য জমি দান করেছিলেন স্থানীয় মুসলিমদের একাংশ। প্রতি পৌষে মহামায়ার পুজো উপলক্ষে মন্দির চত্বরের ওই জমিতে মেলা

বড়বাজার থেকে উদ্ধার ৮৫০ কেজি নিষিদ্ধ বাজি, গ্রেফতার ২

দুরন্ত বার্তা ,২১সেপ্টেম্বরঃ বিপুল পরিমাণ নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত করল পুলিশ।চম্পাহাটি থেকে মালবাহী গাড়ি করে বড়বাজারে ওই বাজি নিয়ে আসা হয়েছিল বলে খবর। গোপন সূত্রে খবর পেয়ে লালবাজারের গুণ্ডা দমন শাখার গোয়েঃদারা হানা দিয়ে উদ্ধার করে নিষিদ্ধ বাজি।গত কয়েকমাসে রাজ্যে একাধিক বেআইনি বাজি কারখানায় বিস্ফোরণ হয়েছে। প্রাণ গিয়েছে অনেকের। সেই ঘটনার পরই বেআইনি বাজি কারখানা বন্ধ করতে তপর রাজ্য। জেলায় জেলায় জারি রয়েছে পুলিশি তল্লাশি। ই পরিস্থিতিতে গোপন সূত্র মারফত লালবাজারের গুণ্ডা দমন শাখার গোয়েন্দারা জানতে পারেন বড়বাজারে মজুত করা হচ্ছে প্রচুর পরিমাণ নিষিদ্ধ বাজি।এই খবরের ভিত্তিতেই বড়বাজারে তল্লাশি চালায় লালবাজারের গুণ্ডা দমন শাখার গোয়েন্দারা। সেখান থেকে প্রচুর পরিমাণ বাজি উদ্ধার করে তাঁরা।এই ঘটনায় গ্রেফতার করা হয়েছে ২ জনকে। গ্রেফতার হওয় ২ ব্যক্তির নাম বাপ্পা মুখোপাধ্যায় ওরঞ্জিত মিত্র। লিশ সূত্রে খবর, প্রায় ৮৫০ কেজি নিষিদ্ধবাজি চম্পাহাটি থেকে নিয়েআসা হয়েছিল। এদিন ধৃতদের আদালতে তোলা হলে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত দেন বিচারক।

আর মাত্র একদিন, চাঁদের মাটিতে বিক্রম ও প্রজ্ঞানের ঘুম ভাঙার আশায় বুক বাঁধছে ইসরো

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর ঃ আর মাত্র একদিন। আশা করা হচ্ছে, ২২ সেপ্টেম্বর (শুক্রবার) চাঁদে সূর্যোদয় হবে। যদি সূর্যোদয় হয়, তা হলে চন্দ্রযান ৩-এর ল্যান্ডার বিক্রম এবং রোভার প্রজ্ঞানকে আবার ঘুম থেকে জাগিয়ে তোলার কাজ শুরু করবে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। আর সেই আশাতেই বুক বাঁধছে ইসরোর বিজ্ঞানীরা-সহ গোটা দেশ।ইসরো আগেই জানিয়েছিল, ২২ সেপ্টেম্বর চাঁদে সূর্য উঠতে পারে। ১৪ দিন সূর্য থাকার পর অস্ত গিয়েছিল। কিন্তু তার আগেই ১০ দিনের মধ্যে কাজ শেষ করেছিল ল্যান্ডার এবং রোভার। তারপর তাদের ঘুম পাড়িয়ে দেয় ইসরো। যেহেতু সূর্যের আলো থেকে শক্তি সঞ্চয় করে কাজ করবে ল্যান্ডার আর রোভার, তাই হিসেব কষেই সেই মতো চাঁদের মাটিতে অবতরণ করানো হয়েছিল চন্দ্রযানকে। ১৪ দিন সূর্যের আলো থাকার পর চাঁদে আঁধার নেমে আসায় রোভার এবং প্রজ্ঞানকে ' মোডে' পাঠিয়ে দেওয়া হয়।পরবর্তী সূর্যোদয়ের জন্য অপেক্ষা চলেছে। ২২ সেপ্টেম্বর চাঁদে সূর্যোদয় হতে পারে বলে জানিয়েছিল ইসরো। সব যদি ঠিক থাকে, তা হলে আবার রোভার এবং ল্যান্ডারকে কাজে লাগানো শুরু করবে তাঁরা । তবে চাঁদের দক্ষিণ মেরুতে এই ১৪ দিন আঁধারের সময় তাপমাত্রা কখনও কখনও হিমাঙ্কের ২৫০ ডিগ্রি সেলসিয়াসের নীচে নেমে যায়। ফলে সেই তাপমাত্রা চন্দ্রযান-৩-এর প্রযুক্তি সহ্য করতে পারবে কি না, তা স্পষ্ট নয়। তবে আশাবাদী ইসরো। তাই চাঁদে সূর্য উঠলেই রোভার এবং ল্যান্ডারকে জাগিয়ে তোলার কাজ শুরু হবে। আর যদি, বিক্রম ও প্রজ্ঞানের ঘুম না ভাঙে, তাহলে চিরদিনের জন্য চাঁদেই থেকে যাবে ভারতের এই দুই দূত।

বিজেপিকে 'ঠকবাজ' বললেন ভূপেশ, মহিলা সংরক্ষণ বিল নিয়ে বিঁধলেন শাসকদলকে

রায়পুর, ২১ সেপ্টেম্বর ঃ বিজেপিকে 'ঠকবাজ' বললেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। মহিলা সংরক্ষণ বিল নিয়েই বিজেপি তথা শাসকদলের বিরুদ্ধে আক্রমণ শানিয়েছেন ভূপেশ বাঘেল। বৃহস্পতিবার সকালে রায়পুরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ভূপেশ বাঘেল বলেছেন, তাঁরা ঠকবাজ। যে মহিলা সংরক্ষণ বিল আনা হয়েছে তা কংগ্রেস সমর্থন করেছে, তবে আদমশুমারি এবং সীমানা নির্ধারণের পরে এটি কার্যকর করা হবে।ভূপেশ বাঘেল দাবি করেছে, এ জন্য অনেক বছর লাগবে। সোনিয়া গান্ধী স্পষ্টভাবে বলেছেন, এটি অবিলম্বে কার্যকর করা উচিত। কিন্তু আমরা তা হতে দেখছি না। ২০২৪ সালের নির্বাচনে এটি বাস্তবায়ন করা উচিত। উল্লেখ্য, এর আগে বুধবারই লোকসভায় পাস হয়েছে মহিলা সংরক্ষণ বিল।অন্যদিকে মহিলা সংরক্ষণ বিল দ্রুত বাস্তবায়ন করা উচিত। জোর দিয়ে বললেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। একইসঙ্গে তিনি বলেছেন, আমরা দেশে জাতি ভিত্তিক আদমশুমারিও চাই। বুধবারই লোকসভায় পাশ হয়েছে মহিলা সংরক্ষণ বিল, এই বিল প্রসঙ্গে বৃহস্পতিবার সাংবাদিকদের প্রশ্নের মুখোমুখি হন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। সাংবাদিকদের প্রশ্নে নীতীশ কুমার বলেছেন, এটি (মহিলা সংরক্ষণ বিল) পাস হয়েছে (লোকসভায়), তবে তা দ্রুত কার্যকর করা উচিত। নীতীশ আরও বলেছেন, আমরা দেশে জাতি ভিত্তিক আদমশুমারিও চাই, এবং আমরা এর জন্য অনেক দিন ধরে দাবি করে আসছি।নীতীশ কুমার এদিন বলেছেন, কেন তাঁরা এত দেরি করছে। এটি অবিলম্বে বাস্তবায়ন করা যায়। কেন আমাদের ২০২৪ পর্যন্ত অপেক্ষা করতে হবে?... সমস্যাটা কী, এটা অবিলম্বে হওয়া উচিত ছিল। প্রতি দশ বছর অন্তর আদমশুমারি হতো। এটি ১৯৩১ সালে শুরু হয়েছিল এবং প্রথমবারের মতো বিলম্বিত হয়েছে। এটা ঠিক নয়। কিন্তু এই (মহিলা সংরক্ষণ) বিষয়টি চমকার, বাস্তবায়নে কিছুটা বিলম্ব হবে, কিন্তু যখনই এটা বাস্তবায়িত হবে তখনই মহিলাদের জন্য ভালো হবে।অন্যদিকে লোকসভায় পাশের পর বৃহস্পতিবার রাজ্যসভায় পেশ করা হয়েছে মহিলা সংরক্ষণ বিল। বৃহস্পতিবার রাজ্যসভায় মহিলা সংরক্ষণ বিল নিয়ে আলোচনার সময় কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেছেন, নারীর ক্ষমতায়নের জন্য এই বিল। কেন্দ্রীয় আইনমন্ত্রী বলেছেন, যে মহিলা সংরক্ষণ বিল আমরা প্রস্তাব করছি তা ৩৩০ ধারায় একটি সংশোধনী, এই সংরক্ষণ অনুভূমিক এবং উল্লম্ব উভয়ই।তিনি বলেছেন, আমি যে সাংবিধানিক সংশোধনী বিল নিয়ে এসেছি, তার মাধ্যমে ৩৩০ অনুচ্ছেদ, ৩৩২ অনুচ্ছেদ এবং ৩৩৪ অনুচ্ছেদে একটি ধারা সন্নিবেশ করা হবে। এর মাধ্যমে লোকসভা এবং দেশের সমস্ত রাজ্য বিধানসভায় এক-তৃতীয়াংশ আসন সংরক্ষিত হবে। এটি একটি বড় পদক্ষেপ।কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল আরও বলেছেন, তফসিলি জাতি ও তফসিলি উপজাতি মহিলাদেরও এর আওতায়.সংরক্ষণ থাকবে। সুতরাং, আদমশুমারি এবং সীমাবদ্ধতা গুরুত্বপূর্ণ, বিলটি পাস হওয়ার সঙ্গে সঙ্গেই আদমশুমারি এবং সীমানা নির্ধারণ করা হবে। এটি একটি সাংবিধানিক প্রক্রিয়া। কোন আসনে মহিলারা থাকবেন, তা নির্ধারণ করবে ডিলিমিটেশন কমিশন।

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৯৩ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। আজ ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৯৩ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৯১ ডলারের কাছাকাছি। যদিও বৃহস্পতিবার সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, বৃহস্পতিবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

ভারতে ৩৯৫০ টন ইলিশ রপ্তানি অনুমতি দিলো বাংলাদেশ সরকার

শ্যামল সান্যাল ঢাকা,২১সেপ্টেম্বর ঃ আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে ভারতে ৩ হাজার ৯৫০মেট্রিক টন ইলিশ রপ্তানি হচ্ছে।এ লক্ষ্যে ৭৯টি প্রতিষ্ঠানকে রপ্তানির অনুমোদন দিয়েছে বাংলাদেশের বাণিজ্য মন্ত্রণালয়। ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার মন্ত্রণালয় থেকে এ অনুমোদন দিয়ে আমদানিও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে চিঠি পাঠানো হয়েছে।৭৯টি প্রতিষ্ঠানের প্রত্যেকে ৫০ টন করে রপ্তানির অনুমোদন পেয়েছে।এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবওরপ্তানি উইংয়ের প্রধান মো. আব্দুর রহিম খান বাসসকে বলেন, ' আমাদের নিকটতম প্রতিবেশিও বন্ধুপ্রতিম দেশ। তারা আমাদের বাণিজ্যের ব। অংশীদার।তাই এবারওআসন্ন দুর্গাপূজায় শুভেচ্ছা স্বরূপ সেদেশে ইলিশ রপ্তানির অনুমতি দেওয়া হয়েছে।তিনি বলেন,ইলিশ রপ্তানির আবেদনগুলো যাচাই-বাছাই করে শর্ত সাপেক্ষে৭৯ প্রতিষ্ঠানকে নির্ধারিত পরিমাণ ইলিশ রপ্তানির অনুমতি দেওয়া হয়েছে। রপ্তানির শর্তে উল্লেখ করা হয়েছে, রপ্তানিকারকদের রপ্তানি নীতি ২০২১-২০২৪এর বিধিবিধান অনুসরণ করতে হবে,শুল্ক কর্তৃপক্ষের মাধ্যমে রপ্তানির অনুমতি পাওয়া পণ্যের কায়িক পরীক্ষা এবংপ্রতিটি কনসাইনমেন্ট জাহাজীকরণ শেষে রপ্তানি সংক্রান্ত সব কাগজপত্র ই-মেইল করতে হবে। অনুমোদিত পরিমাণের চেয়ে বেশি রপ্তানি করা যাবে না।প্রতিটি পণ্যচালান রপ্তানিকালে শুল্ক কর্তৃপক্ষ এসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম পরীক্ষা করে অনুমোদিত পরিমাণের অতিরিক্ত পণ্য রপ্তানি না করার বিষয়টি নিশ্চিত হবেন। রপ্তানির এই অনুমতির মেয়াদ আগামী৩০ অক্টোবর পর্যন্ত কার্যকর থাকবে।তবে সরকার মৎস্য আহরণ ওপরিবহণের ক্ষেত্রে কোনো ধরনের বিধি-নিষেধ আরোপ করলে তা কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গেএ অনুমতির মেয়াদ শেষ হবে।শর্তে আরও উল্লেখ করা হয়,সরকার প্রয়োজনে যেকোনো সময় ইলিশ মাছ রপ্তানি বন্ধ করতে পারবে।এঅনুমতি কোনোভাবেই হস্তান্তরযোগ্য নয়এবং অনুমোদিত রপ্তানিকারক ব্যতীত সাব কন্ট্রাক্টে রপ্তানি করা যাবে না। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি সাংবাদিকদের জানিয়ে ছিলেন, বরাবরের মতএবারও দুর্গাপূজায় শুভেচ্ছা স্বরূপ ভারতে ইলিশ রপ্তানি করা হবে।তবে যে পরিমাণ ইলিশ রপ্তানি হবে,তাতে দেশের বাজারে এর কোন প্রভাব পড়বে না।

গঙ্গারামপুর সুপার স্পেশালিটি হাসপাতালে প্রথম আস্থা সহায়তার কেন্দ্রের উদ্বোধন

জয়দীপ মৈত্র, দক্ষিণ দিনাজপুরঃ দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর সুপার স্পেশালিটি হাসপাতালে প্রথম আস্থা সহায়তার কেন্দ্রের উদ্বোধন করা হলো,মন্ত্রী বিপ্লব মিত্রের হাত দিয়ে ফিতে কেটে উদ্বোধন করা হয় আস্থা সহায়তা কেন্দ্রের।যেখানে মন্ত্রী ছাড়াও দক্ষিণ দিনাজপুর জেলার CMOH ,রুগী কল্যাণ সমিতির চেয়ারম্যান সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন। গঙ্গারামপুর মহকুমা মধ্যে গঙ্গারামপুরের সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসা পরিষেবা নিতে আসেন বহু মানুষ।কিন্তু হাসপাতালে অপারেশনের চিকিৎসা পরিষেবা নিতে এসে অনেক সময় রুগীরা হাসপাতালে অপারেশন না করিয়ে সুপার স্পেশালিটি হাসপাতালের বাইরে বেসরকারি হাসপাতাল থেকে চিকিৎসা ও অপারেশনের পরিষেবা নিয়ে থাকেন। সাধারণ মানুষের চিকিৎসার কথা মাথায় রেখে দক্ষিণ দিনাজপুর জেলার স্বাস্থ্য ও রুগী কল্যাণ দপ্তরের উদ্যোগে গঙ্গারামপুর সুপার স্পেশালিটি হাসপাতালে আস্থা সহায়তা কেন্দ্রের উদ্বোধন করা হয়। এদিন একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে গঙ্গারামপুর সুপার স্পেশালিটি হাসপাতালে আস্থা সহায়তা কেন্দ্রের উদ্বোধন করেন রাজ্যের ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্র,এছাড়াও সেখানে দক্ষিণ দিনাজপুর জেলার রুগী কল্যান সমিতির চেয়ারম্যান গৌতম দাস,জেলা স্বাস্থ্য আধিকারিক সুদীপ দাস সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।গঙ্গারামপুর সুপার স্পেশালিটি হাসপাতালে এই আস্থা সহায়তা কেন্দ্র উদ্বোধনের ফলে এদিকে যেমন বিনা মূল্যে পরীক্ষা করাতে পারবেন,অপরদিকে এই আস্থার মাধ্যমে বিনা মূল্যে বিভিন্ন অপারেশন করার সুবিধা পাবেন সাধারণ মানুষেরা।

বোরখা নিষিদ্ধ হচ্ছে সুইজারল্যান্ডে, অন্যথায় হতে পারে জরিমানা

দুরন্ত বার্তা ,২১সেপ্টেম্বরঃ বোরখা বা যা কোনো রকম মুখঢাকা পোশাক নিষিদ্ধ হচ্ছে সুইজারল্যান্ডে। অমান্য করলে মেটাতে হতে পারে ব। অঙ্কের জরিমানা। তবে এই সিদ্ধান্তের প্রতিবাদে সরব হয়েছে মুসলিম দলগুলো।সূত্রে খবর, বুধবার বোরখা-সহ সমস্ত মুখঢাকা পোশাকে নিষেধাজ্ঞা জারি করে একটি বিল পাশ করেছে সুইজারল্যান্ডের পার্লামেন্ট । আগেই সংসদের উচ্চকক্ষে সবুজ সংকেত পেয়েছিল বিতর্কিত বিলটি। ফলে এদিন তা আইনে পরিণত হয়। নতুন এই আইন মোতাবেক এবার থেকে বোরখা সমেত সমস্ত মুখঢাকা পোশাক আইনত নিষিদ্ধ। এর অন্যথায় দোষীদের ১ হাজার সুইস ফ্রাঙ্ক বা প্রায় ১ হাজার ১০০ মার্কিন ডলারের জরিমানা হতে পারে বলে জানা গিয়েছে। উল্লেখ্য, বিতর্কিত বিলটি নিয়ে খানিকটা সংশয় ও আপত্তি রয়েছে মধ্যপন্থী ও বাম দলগুলোর। তবে সুইজারল্যান্ডের দক্ষিণপন্থী দল ' পিপলস পার্টি'র দাপটে বিলটি অনায়াসেই পাশ হয়ে যায়।প্রসঙ্গত, ২০২১ সালে জনসমক্ষে সম্পূর্ণ মুখঢাকা পোশাক নিষিদ্ধ করার প্রশ্নে গণভোট হয় সুইজারল্যান্ডে,ভোটাভুটিতে নিষেধাজ্ঞার পক্ষেই মত দেন অধিকাংশ ভোটার। তবে গণভোটে দেখা যায় এই বিষয়ে ফারাক ছিল অত্যন্ত সামান্য। ইতিমধ্যেই এই ধরনের পোশাককে নিষিদ্ধ করা হয়েছে ফ্রান্স, নেদারল্যান্ডস, বেলজিয়ামের মতো ইউরোপের অনেক দেশেই। এমনকী, কোনও কোনও মুসলিম অধ্যুষিত দেশেও রয়েছে এহেন বিধিনিষেধ।আসলে গত কয়েক বছর ধরে বাড়তে থাকা জঙ্গি হামলার কারণে এই ধরনের পোশাকের বিরুদ্ধে সরব হয়েছে অনেক দেশই। তাদের মধ্যে সুইজারল্যান্ডও ছিল। অবশেষে সেখানে নিষিদ্ধ হল বোরখা, হিজাবের মতো পোশাক।উল্লেখ্য, ভারতেও বোরখা নিষিদ্ধ করার দাবি তুলেছে শিব সেনার মতো হিঃ দুত্ববাদী দলগুলো। হিজাব, বোরখা পরলে কড়া শাস্তির বিধান রয়েছে চিনেও। ২০১৯ সালে ইস্টার সানডেতে ধারাবাহিক বিস্ফোরণের জেরে সাময়িকভাবে শ্রীলঙ্কায় বোরখা পরা নিষিদ্ধ করা হয়েছিল।

বিশ্বের সবচেয়ে লম্বা চুলের মালিক হয়ে গিনেস বুকে নাম তুলল উত্তরপ্রদেশের কিশোর

দুরন্ত বার্তা,২১সেপ্টেম্বরঃ নারীর না কি কেশ ই বেশ!টেলিভিশনের সূচনায় যখন বিজ্ঞাপনের চল শুরু হল তখন থেকে শুরু করে আজ পর্যন্ত চুলের তেল ,শ্যাম্প্ বা ডাই সব ক্ষেত্রেই দেখা যায় নারী চরিত্র কে। তবে বর্তমানে পরিবর্তনের সাথে তাল মিলিয়ে আই সমস্ত প্রসাধনী সামগ্রীর বিজ্ঞাপনে নারী দের পাশাপাশি আজকাল পুরুষদের ও সমান ভাবে দেখা যাচ্ছে। যা প্রশংসনীয় তো বটেই , খানিক আলাদা চিন্তনের ও তা প্রকাশ বটে। তেমনই চলতি হাওয়ার পরিপন্থী হয়ে বিশ্বের সবথেকে লম্বা চুল রাখার জন্য গিনেস বুকে নাম তুলল উত্তরপ্রদেশের এক কিশোর।তবে পুরুষদের মধ্যেই এই রেকর্ড গড়েছে সে।উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার বাসিঃদা বছর ১৫-র শিখ কিশোরের নাম সিদাকদীপ সিং চাহাল। ধর্মীয় রীতির কারণেই জন্মের পর থেকে কখনই চুল কাটেনি সে। দেড় দশক ধরে বাড়তে বাড়তে সেই চুলের দৈর্ঘ্য এখন ৪ ফুট ৩ ইঞ্চি। যা একজন পুরুষ হিসেবে বিশ্বের সবচেয়ে লম্বা চুল। এই কারণেই গিনেস ওয়ার্ল্ড রেকর্ডে নাম উঠেছে তার। গিনেস কর্তৃপক্ষ একটি ভিডিও পোস্ট করেছে ইউটিউবে। যা এই সময়ে রীতিমত ভাইরাল। কিশোরের চুল দেখে অবাক সকলে। লম্বা তো বটেই, পাশাপাশি নিয়মিত পরিচর্যায় ঝলমল করছে চুল।গিনেস বুকে নাম ওঠায় দারুন খুশি কিশোর সিদাকদীপ। সে বলেছে, আমি শিখ

মহিলা সংরক্ষণ বিল পাস হওয়া ভারতের সংসদীয় যাত্রায় সোনালী মুহূর্ত হিসেবে চিহ্নিতঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর ঃ লোকসভায় মহিলা সংরক্ষণ বিল পাশ হওয়ায় সমস্ত সাংসদদের ধন্যবাদ জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, মহিলা সংরক্ষণ বিল পাস হওয়া ভারতের সংসদীয় যাত্রায় সোনালী মুহূর্ত হিসেবে চিহ্নিত। মহিলা সংরক্ষণ বিল পাশ করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকসভার সমস্ত সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়েছেন।বৃহস্পতিবার সকালে লোকসভায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, গতকাল ছিল ভারতের সংসদীয় যাত্রার একটি সোনালী মুহূর্ত। এই সদনের সকল সদস্যের সেই সোনালী মুহূর্ত প্রাপ্য। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, এই বিলকে সমর্থন করার জন্য আমি আপনাদের সকলকে ধন্যবাদ জানাই। প্রধানমন্ত্রী আশা ব্যক্ত করেছেন, এই বিল পাশের পর নারী শক্তিতে যে আস্থা তৈরি হবে, তা অকল্পনীয় এবং অভূতপূর্ব শক্তি হিসেবে আবির্ভূত হবে। যা দেশকে নতুন উচ্চতায় নিয়ে যাবে।

আনন্দ বিহারে কুলি ও অটো চালকদের সঙ্গে সাক্ষাৎ রাহুলের, দিলেন পাশে থাকার আশ্বাস

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর ঃ জনসম্পর্ক বাড়াতে আরও এক প্রয়াস কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীর। বৃহস্পতিবার সকালে আচমকাই দিল্লির আনন্দ বিহার রেল স্টেশনে হাজির হন রাহুল গান্ধী। সেখানে কুলিদের সঙ্গে দেখা করেন এবং কথা বললেন কংগ্রেস সাংসদ। কুলিদের সঙ্গে দেখা করে তাঁদের পোশাক পরে গল্প করতে দেখা যায় রাহুল গান্ধীকে। মাথায় ট্রলিও তুলে নেন রাহুল। রাহুল কথা বলেছেন অটো চালকদের সঙ্গেও।এদিন রাহুল গান্ধীর ভারত জোড়ো জেতার প্রসঙ্গ উঠে আসে। আনন্দ বিহার স্টেশনের কুলিদের সঙ্গে ভারত জোড়ো যাত্রার গল্প করতেও দেখা যায় কংগ্রেস সাংসদকে। প্রসঙ্গত, কয়েক মাস ধরে ভারত জোড়ো যাত্রায় প্রায় গোটা দেশ জুড়ে পদযাত্রা করতে দেখা গিয়েছিল রাহুল গান্ধীকে। কখনও কন্যাকুমারী আবার কখনও জম্মু ও কাশ্মীর কিংবা মধ্যপ্রদেশ, একের পর এক রাজ্যে রাহুল গান্ধীকে দেখা যায় পদযাত্রা করতে। রাহুল গান্ধীর সাক্ষা পেয়ে খুশি কুলি ও অটো চালকরা। এক ব্যক্তি বলেছেন, রাহুল গান্ধী এখানে (আনন্দ বিহার) অটো চালক এবং কুলিদের সঙ্গে দেখা করেছেন, সেটা খুবই ভালো লাগছে। তিনি বলেছেন, তিনি আমাদের বিষয়গুলি সরকারের সামনে তুলে ধরবেন।

ভারতে ওঠানামা করছে করোনার সংক্রমণ, সক্রিয় রোগী কমে পৌঁছল ৪৭১-এ

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর ঃ ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা আরও কিছুটা কমল। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন মাত্র ৪৪ জন। বুধবার সারাদিনে ভারতে করোনায় কারও মৃত্যু হয়নি। এই সময়ে সুস্থ হয়েছেন ৫৩ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে মাত্র ৪৭১ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩২,০৩১।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৫,৮৩৬ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২০ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ২৪,২৮৭ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৭০,৪৭১-তে পৌঁছেছে।

উত্তর প্রদেশের হাপুরে খাবারের দোকানে ঢুকে পড়ল ট্রাক মৃত্যু ৪ জনের, আহত ৩

হাপুর, ২১ সেপ্টেম্বর ঃ উত্তর প্রদেশের হাপুর জেলায় রাস্তার ধারে অবস্থিত খাবারের দোকানে ঢুকে পড়ল একটি বেপরোয়া কন্টেনার ট্রাক। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৪ জনের, এছাাও ৩ জন গুরুতর আহত হয়েছেন। বুধবার রাতে দুর্ঘটনটাই ঘটেছে ধৌলানা থানা এলাকায়। স্টেশন হাউস অফিসার দেবেন্দ্র সিং বিস্ত বলেছেন, বুধবার রাতে ধৌলানা-মুসৌরি রোডে জুবেদা অনুষ্ঠান বাড়ির কাছে, একটি কন্টেনার ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে অবস্থিত ধাবায় ঢুকে পড়ে। এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৪ জনের ও ৩ জন আহত হয়েছেন।মৃতরা হলেন-অরুণ (২৮) ও জিতেন্দ্র (১৮)। একজনের নাম ও পরিচয় জানা যায়নি। গুরুতর আহত ৩ জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনার খবর পাওয়ার পর ঘটনাস্থলে যান পুলিশ সুপার অভিষেক বর্মা, এএসপি রাজকুমার ও সার্কেল অফিসার বরুণ মিশ্র। পুলিশ মনে করছে, হতাহতরা ধাবায় খাবার খেতে গিয়েছিলেন, তখনই ট্রাকটি ঢুকে পড়ে। ঘাতক ট্রাকের চালককে হেফাজতে নিয়েছে পুলিশ।

যাঁদের প্রশ্ন করার তাঁরা শুধু প্রশ্নই করবে, প্রধানমন্ত্রী করে দেখিয়েছেনঃহেমা মালিনী

নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর ঃ যাঁদের প্রশ্ন করার তাঁরা শুধু প্রশ্নই করবে, কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী করে দেখিয়েছেন। মহিলা সংরক্ষণ বিল প্রসঙ্গে বললেন বিজেপি সাংসদ ও প্রবীণ অভিনেত্রী হেমা মালিনী। বৃহস্পতিবার সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে হেমা মালিনী বলেছেন, যাঁদের প্রশ্ন করার, তাঁরা শুধু প্রশ্নই করবে। কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী করে দেখিয়েছেন। তিনি এমন করেছেন যা আগে কখনও হয়নি। আমাদের সকলের উচিত তাঁকে ধন্যবাদ ও অভিনন্দন জানানো। তাঁরা একটা দূরদৃষ্টি আছে।হেমা মালিনী আরও বলেছেন, অন্য সবাই কথা বলতে থাকে, কিন্তু সাহস দেখায়নি (মহিলা সংরক্ষণ বিল নিয়ে)। আমাদের সকলের উচিত প্রধানমন্ত্রী মোদীকে ধন্যবাদ জানানো। ভারতের সমস্ত মহিলা তাঁর পাশে আছেন।

জি-২০ ইনফ্রাস্ট্রাকচার ওয়ার্কিং গ্রুপের শীর্ষ সম্মেলন শুরু মধ্যপ্রদেশের খাজুরাহোতে



ভোপাল, ২১ সেপ্টেম্বর ঃ মধ্যপ্রদেশের বিশ্ব বিখ্যাত পর্যটন নগরী খাজুরাহোতে বৃহস্পতিবার থেকে শুরু হল জি-২০ ইনফ্রাস্ট্রাকচার ওয়ার্কিং গ্রুপের শীর্ষ সম্মেলন। এই অনুষ্ঠানটি তিনদিন ধরে চলবে। তিনধাপে এই অনুষ্ঠানটি হবে। এই সম্মেলনে যোগ দিতে জি-২০ দেশের ৫৫ টিরও বেশি প্রতিনিধি এখানে পৌঁছেছেন।নির্ধারিত সূচি অনুযায়ী জি-২০ ইনফ্রাস্ট্রাকচার ওয়ার্কিং গ্রুপের প্রথম সভা বৃহস্পতিবার সকাল ৯টা নাগাদ শহরের মহারাজা ছত্রশাল কনভেনশন সেন্টারে শুরু হয়েছে। এই সম্মেলনটি দুপুর ১টা পর্যন্ত চলার কথা। এরপর দুপুর আড়াইটে থেকে সাড়ে পাঁচটার মধ্যে দ্বিতীয় বৈঠকে প্রতিনিধিদের নিয়ে গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হওয়ার পরিকল্পনা রয়েছে। এরপর সন্ধ্যা ৭টা থেকে রাত সাড়ে ৯টা পর্যন্ত রেডিসন হোটেলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজের আয়োজন করা হয়েছে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২২সেপ্টেম্বর ঃ সোমবার, ৪আশ্বিন মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২২সেপ্টেম্বর ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ ৫১২৩, সৌরঃ৪আশ্বিন মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৪আশ্বিন মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ৪আশ্বিন মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০.১ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৩.০১ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৮শতকরা এবং ৫১শতকরা। বৃষ্টি হয়েছে বৃহৎবার । জোয়ার-সকাল ৮টা ২০ মিনিট এবং রাত৯টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৯টা ২০মিনিট। রাত-৯টো ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ২০মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১৫ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃএকটি আমোদপ্রমোদ এবং মজার দিন। নতুন চুক্তিগুলি লাভজনক মনে হতে পারে কিন্তু আকাঙ্খিত অনুযায়ী লাভ আনবে না- আর্থিক বিনিয়োগের সময় কোন হঠকারী সিদ্ধান্ত নেবেন না।
বৃষভ রাশিঃআপনার ভদ্র ব্যবহার প্রশংসনীয় হবে। অনেক মানুষ আপনার সামনেই মৌখিক প্রশংসা
মিথুন রাশিঃকিছু প্রতিকূলতার সামনা করা সম্ভবপর। মনোক্ষুণ্ণ হবেন না বরং আকাঙ্খিত ফল পেতে কঠোর পরিশ্রম করুন।
কর্কট রাশিঃশ্রেষ্ঠতর জীবনের জন্য আপনার স্বাস্থ্য এবং সামগ্রিক ব্যক্তিত্ব উন্নত করার চেষ্টা করুন অর্থ সাশ্রয়ের আপনার প্রচেষ্টা ।
সিংহ রাশিঃআপনার ব্যক্তিত্ব আজ একটি সুগন্ধি মত কাজ করবে। আপনার নিজের অর্থ সংগ্রহ করতে হবে এবং কখন এবং কোথায় বুদ্ধিমানের জন্য ব্যয়
কন্যা রাশিঃআপনার সবচেয়ে বড় সম্পদ আপনার ঠাট্টা বোধ এবং আপনার অসুস্থতা নিরাময় করার জন্য এটিকে ব্যবহার করার চেষ্টা করুন। আপনি যদি কোনও ঋণ
তুলা রাশিঃআজ আপনার স্বাস্থ্য নিয়ে চিন্তা করার কোন প্রয়োজন নেই।আপনার চারপাশে থাকা মানুষজন আপনার মনোবল হবে
বৃশ্চিক রাশিঃজীবন নিয়ে হেলাফেলা করবেন না, জানবেন জীবনে যত্নই আসল অঙ্গীকার।
ধনু রাশিঃপিতা আপনাকে সম্পত্তির উত্তরাধিকার থেকে বঞ্চিত করতে পারেন। কিন্তু মনোক্ষুণ্ণ হবেন না। শুভদিন
মকর রাশিঃবাড়িতে অতিথি আসতে পারে। সংসারে শান্তি।
কুম্ভ রাশিঃএকটি আমোদপ্রমোদ এবং মজার দিন। আজ ঘনিষ্ঠ বন্ধুর সহায়তায়.কিছু ব্যবসায়ী আর্থিক লাভের সম্ভাবনা রয়েছে।আপনার ভালবাসার জীবনের পরিপ্রেক্ষিতে অবিশ্বাস্য।
মীন রাশিঃআপনার উত্তেজনা থেকে মুক্তি পেতে পরিবারের সদস্যদের সহায়তা নিন। অনুগ্রহপূর্ণভাবে তাঁদের সাহায্য গ্রহণ করুন। করতে পারেন। সাড়া দেবে। মনোভাব নিয়ে চট

ডিমেনশিয়া নিয়ে সর্বপ্রথম ডে কেয়ার সেন্টারের উদ্বোধন হলো কলকাতায়

সুমিত পালিত, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ মানুষকে সার্বিকভাবে সুস্থ রাখতে কাজ করে চলেছে ডিগনিটি ফাউন্ডেশন। সম্প্রতি ২০ সেপ্টেম্বর কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে ফাউন্ডেশনের নতুন বিভাগ ডিমেনশিয়া ও ডে কেয়ার সেন্টারের আনুষ্ঠানিক উদ্বোধনের কথা ঘোষণা করা হয়। প্রসঙ্গত, ২১ সেপ্টেম্বর বিশ্ব আলঝাইমার্স দিবস। তাই ওই দিন টিকেই ডিমেনশিয়া ডে কেয়ার সেন্টারের উদ্বোধনের দিন হিসাবে বেছে নেওয়া হলো। এই সংস্থা নিরন্তর আলঝাইমার্স, ডিমেনশিয়ায় আক্রান্ত রোগীদের সেবায় নিয়োজিত রয়েছে। এদিন সাংবাদিক সম্মেলনে সংস্থার পক্ষ থেকে বিশিষ্ট জনেদের মধ্যে উপস্থিত ছিলেন অলকানন্দা রায়, সুদেষ্ণা সাহা, অর্পিতা ভট্টাচার্য্য, গোপাল শ্রীনিবাসন প্রমুখ।

শারদোৎসবে হেল্প লাইন ও কন্ট্রোল রুম চালু করছে রাজ্য প্রশাসন

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ আসন্ন শারদ উৎসবের মরশুমে আইনশৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু রাখতে রাজ্য প্রশাসন অন্যান্য বারের মতো এবার হেল্প লাইন সহ কন্ট্রোল রুম খুলতে চলেছে। প্রশাসন সূত্রে জানা গেছে আগামী ১৮ অক্টোবর থেকে আনুষ্ঠানিক ভাবে চালু হবে কন্ট্রোল রুম। হেল্প লাইন নম্বর হলো ০৩৩--২২১৪- ৩৫২৬। জানা গেছে, প্রথম পর্যায়ে লক্ষ্মী পুজার পরদিন পর্যন্ত কন্ট্রোল রুম খোলা থাকবে। দ্বিতীয় পর্যায়ে কালী পূজা, দীপাবলি ও ভাই ফোঁটা উপলক্ষ্যে ১২- ১৬ নভেম্বর পর্যন্ত সক্রিয় থাকবে হেল্পলাইন সহ কন্ট্রোল রুম। উৎসবের দিনগুলোতে কন্ট্রোল রুমের দ্বায়িত্বে থাকবেন বেশ কয়েকজন wbcs পর্যায়ের আধিকারিকরা।

পথচারী যুবকের মোবাইল ছিনিয়ে নিয়ে পালালো তিন দুষ্কৃতি

শ্রেয়া আদক, হাওড়া, ২১ সেপ্টেম্বর ঃ হাওড়ায় পথচারী এক যুবকের মোবাইল ছিনিয়ে নিয়ে পালালো বাইকে চেপে আসা তিন দুষ্কৃতি। ভর সন্ধ্যেবেলাতেও হাওড়া শহর যে পথচারীদের জন্য নিরাপদ নয় তার আরও একবার প্রমাণ মিলল বুধবার সন্ধ্যায়। জানা গেছে, বুধবার ৮টা নাগাদ পথচারী এক যুবকের দামি মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে পালিয়ে যায় বাইকে চড়ে আসা তিন দুষ্কৃতি। জ্যোতির্ময় পণ্ডিত নামের ওই যুবক জানান, বুধবার রাত আটটা পাঁচ নাগাদ তিনি বাসে করে হাওড়া ময়দানের দিকে আসার পথে হাওড়া গার্লস কলেজ স্টপেজে নামেন। এরপর তিনি রাস্তা ক্রস করে যখন মোবাইলে কথা বলতে বলতে হেঁটে যাচ্ছিলেন সেই সময় আচমকাই পিছন দিক থেকে বাইকে চেপে আসা তিন দুষ্কৃতি কিছু বুঝে ওঠার আগেই তার মোবাইল ফোনটি হাত থেকে ছিনিয়ে নিয়ে পালায়। জ্যোতির্ময় বলেন, এদের আটকানোর চেষ্টা করলেও ধাক্কাধাক্কিতে তাঁর চশমা খুলে রাস্তায় পড়ে যায় এবং তিনি হতচকিত হয়ে পড়েন। সেই সুযোগ নিয়ে ওই দুষ্কৃতীরা বাইক নিয়ে এলাকা থেকে চম্পট দেয়। এরপর খবর পেয়ে পুলিশ ছুটে আসে। জ্যোতির্ময় এরপর হাওড়া থানায় যান। পুলিশকে গোটা ঘটনার কথা জানান। যদিও ওই সময় জ্যোতির্ময়ের কাছে নিজের কোনও ডকুমেন্টস না থাকায় পুলিশ তাঁকে বৃহস্পতিবার সকালে থানায় এসে অভিযোগ দাযের করতে বলেন। সেইমতন বৃহস্পতিবার হাওড়া থানায় তিনি অভিযোগ দায়ের করেন। জ্যোতির্ময় জানান, রাতে হাওড়া থানায় ঘটনার কথা জানানোর পর পুলিশ সঙ্গে সঙ্গে তাঁকে নিয়ে ঘটনাস্থলে যায়। তাঁর চশমাটি খোঁজার চেষ্টা করা হয়। যদিও তা পাওয়া যায়নি। এবং যে যুবকরা বাইক নিয়ে তাঁর মোবাইল ছিনিয়ে নিয়ে পালায় তাদেরও এখনো ধরা যায়নি। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। তবে এরকম একটি প্রকাশ্যে ছিনতাইয়ের ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে। নিরাপত্তা নিয়েও উঠেছে প্রশ্ন।

যাত্রীদের ব্যাপক পৃষ্ঠপোষকতা লাভ উত্তর পূর্বাঞ্চলের প্রথম বন্দে ভারত এক্সপ্রেসের

মালিগাঁও, ২১ সেপ্টেম্বর ঃ অসমে অত্যাধুনিক বন্দে ভারত এক্সপ্রেস পরিচালনার ফলে উত্তর পূর্বাঞ্চলের মানুষ, বিশেষভাবে অসমের জনগণ দ্রুত গতির সাথে আরামদায়ক রেল ভ্রমণের অভিজ্ঞতা অনুভব করছেন। দেশীয়ভাবে নির্মাণ করা বন্দে ভারত এক্সপ্রেস দেশের রেল ভ্রমণকে পরিবর্তন করে ফেলেছে। ২৯ মে, ২০২৩ তারিখে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী উত্তর পূর্বাঞ্চলের প্রথম বন্দে ভারত এক্সপ্রেসের শুভ সূচনা করেন। বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনটি উদ্বোধনের সময় থেকেই যাত্রা শুরুর স্টেশনের পাশাপাশি যাত্রা পথের সমস্ত স্টেশন থেকে ব্যতিক্রমী যাত্রী পরিপূর্ণতার হার পঞ্জীয়ন করেছে। ট্রেন নং. ২২২২৭ / ২২২২৮ (নিউ জলপাইগুড়ি- গুয়াহাটি-নিউ জলপাইগুড়ি) বন্দে ভারত এক্সপ্রেসটি উত্তর পূর্বাঞ্চলের প্রবেশ দ্বার গুয়াহাটির সাথে নিউ জলপাইগুড়িকে সংযুক্ত করেছে। এই বন্দে ভারত এক্সপ্রেস উভয়দিক থেকেই যাত্রীদের গড় ভ্রমণের সময় প্রায় দেড় ঘণ্টা হ্রাস করেছে। ট্রেনটি ট্রেডার্স ও ব্যবসায়ীদের পাশাপাশি নিউ কোচবিহার, নিউ আলিপুরদুয়ার, কোকরাঝাড় ও নিউ বঙাইগাঁওয়ের চারপাশের বিভিন্ন শ্রেণির মানুষের কাছ থেকে ব্যাপক সাড়া লাভ করেছে। চালু হওয়ার সময় থেকে এর পরিষেবা ভালো পৃষ্ঠপোষকতা পঞ্জীয়ন করেছে। সূচনার সময় থেকে ১৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত ট্রেন নং. ২২২২৭ (নিউ জলপাইগুড়ি-গুয়াহাটি) বন্দে ভারত এক্সপ্রেসটি ৯৬.৯৩ শতাংশ যাত্রীর পরিপূর্ণতা পঞ্জীয়ন করেছে এবং ট্রেন নং. ২২২২৮ (গুয়াহাটি-নিউ জলপাইগুড়ি) বন্দে ভারত এক্সপ্রেসটি গড়ে ৯৩ শতাংশ যাত্রী পরিপূর্ণতা পঞ্জীয়ন করেছে। নতুন যুগের এই ট্রেনটি দুটি রাজ্যের এবং প্রতিবেশী বিভিন্ন শহরের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করেছে। যে সমস্ত যাত্রী এই রুটে ঘন ঘন যাত্রা করেন তাঁদের জন্য এই ট্রেনটি একটি আশীর্বাদ হিসেবে প্রমাণিত হয়েছে কারণ ট্রেনটি যাত্রীদের জন্য একটি সুবিধাজনক ও সময়-সাশ্রয়ী বিকল্প।

মেট্রো করিডোরের বিভিন্ন স্টেশনে পরিচ্ছন্নতা অভিযান

কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ মেট্রো রেল ১৬ থেকে ০২ অক্টোবর ২০২৩ পর্যন্ত 'স্বচ্ছতা পাখওয়াদা' পালন করছে। এই পাখওয়াদা চলাকালীন, স্টেশন, ট্রেন, কলোনি, হাসপাতাল এবং অন্যান্য রেলওয়ে স্থাপনায় নিবিড় পরিচ্ছন্নতা ও স্যানিটাইজেশন অভিযান চালানো হচ্ছে। ব্লু লাইন, গ্রীন লাইন এবং পার্পল লাইনের সমস্ত স্টেশনে আজ অর্থাৎ ২১.০৯.২০২৩ তারিখে একটি স্বচ্ছতা অভিযান পরিচালিত হয়েছিল। আমাদের জীবনে পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কে যাত্রীদের মধ্যে সচেতনতা তৈরি করতে পাবলিক অ্যাড্রেস সিস্টেমের মাধ্যমে বারবার ঘোষণা করা হয়েছিল।

পিউরি তৈরি হবে

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ রাজ্যে উৎপাদিত টম্যাটো ব্যবহার করে কৃষি বিভাগের ১৭ টি প্রক্রিয়াকরণ কেন্দ্রে পিউরি তৈরি করা হবে। তারপর তা ন্যায্য মূল্যে বিক্রি করা হবে সুফল বাংলা বিপণি থেকে। এর ফলে উপকৃত হবেন চাষিরাও। কারণ, তাঁরা উৎপাদিত ফসলের লাভজনক দাম পাবেন। কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না জানিয়েছেন, বাংলায় শীতের মরশুমে প্রচুর টম্যাটো উৎপাদন হয়। ক্রেতাদের চাহিদা পূরণের পর উদ্বৃত্ত টম্যাটো সরাসরি সংরক্ষণ করা যায় না। তাই ঠিক হয়েছে, আগামী রবি মরশুম থেকে উদ্বৃত্ত টম্যাটো থেকে পিউরি তৈরি করবে কৃষি বিপণন বিভাগ। শিলিগুড়ি, জলপাইগুড়ি, কোচবিহার, দুর্গাপুর, বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, সিউড়ি, ঝাড়গ্রাম, মেদিনীপুর, বারাসত, হাওড়া, চুঁচুড়া, বারুইপুর এবং কলকাতার সব্জি প্রক্রিয়াকরণ কেন্দ্রে পিউরি তৈরি করা হবে। পাশাপাশি, নেতাজি সুভাষ কৃষি বিপণন প্রশিক্ষণ কেন্দ্রে গুণমান যাচাই করা হবে। রাজ্যে বর্তমানে স্থায়ী ও ভ্রাম্যমাণ প্রায় ৫০০টি সুফল বাংলা বিপণি রয়েছে। এসব কেন্দ্র থেকে এবার সব্জি, ফল, চাল, ডাল, ঘি, মধু, জ্যাম, জেলি, স্কোয়াশ ইত্যাদির পাশাপাশি টম্যাটো পিউরিও বিক্রি করা হবে। পাইলট প্রকল্প সফল হলে পরবর্তীকালে এই উদ্যোগের সম্প্রসারণ করা হবে বলে জানা গেছে।

ট্রেড লাইসেন্স করতে গিয়ে বিপাকে যুবক

দুরন্ত বার্তা, হাওড়া, ২১ সেপ্টেম্বর ঃ ট্রেড লাইসেন্স করতে গিয়ে বিপাকে পড়লেন হাওড়ার এক যুবক। অভিযোগ, তাঁর অজান্তেই তাঁর ভোটার কার্ড, প্যান কার্ড ব্যবহার করে খোলা হয়েছিল একটি কোম্পানি। খোলা হয় দুটি ব্যাঙ্ক অ্যাকাউন্টও। অভিযোগের তীর এক চাটার্ড অ্যাকাউন্ট্যান্টের বিরুদ্ধে। ভুয়ো কোম্পানি খুলে বছরে প্রায় কয়েক কোটি টাকা লেনদেন হয় বলে অভিযোগ। প্রচুর টাকার মুনাফা হয় বলে অভিযোগ। যার নামে কোম্পানি তিনি নিজেও জানতেন না এই ব্যাপারে। এই অভিযোগের তদন্তে নেমে পুলিশ গ্রেফতার করেছে অভিযুক্ত চাটার্ড অ্যাকাউন্ট্যান্টকে। বুধবার নরেন্দ্রপুর থেকে গ্রেফতার হন ওই ব্যক্তি। এর আগেও বেলতলা থানা তাকে আরো একটি প্রতারণা মামলায় গ্রেফতার করেছিল বলে জানা গেছে। সেই ঘটনায় এর আগে তাঁর লাইসেন্স বাতিলও করা হয়েছিল। বৃহস্পতিবার ধৃতকে হাওড়া আদালতে তোলা হয়।

সিআইডিকে ৫ লক্ষ টাকার জরিমানার নির্দেশ খারিজ আদালতের

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ আলিপুরদুয়ার মহিলা ঋণদান সমিতিতে ৫০ কোটি টাকার দুর্নীতির অভিযোগ মামলায় সিবিআই-ইডি তদন্তে বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়ের নির্দেশ বহাল রাখল বিচারপতির সব্যসাচী ভট্টাচার্য্যের ডিভিশন বেঞ্চ। তবে সিআইডিকে পাঁচ লক্ষ টাকার জরিমানার নির্দেশ খারিজ করল আদালত। বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ স্পষ্ট করে দেয়, কোনও জরিমানা দিতে হবে না সিআইডি-কে। সিআইডির বিরুদ্ধে করা বিচারপতি অভিজি গঙ্গোপাধ্যায়ের মন্তব্যও নির্দেশনামা থেকে অপসারিত করে ডিভিশন বেঞ্চ। তদন্ত বহাল রাখার নির্দেশ দেওয়া হয়েছে। যেভাবে আলিপুরদুয়ার সমবায় সমিতিতে ৫০ কোটি টাকা দুর্নীতির অভিযোগ উঠেছিল, তাতে বিস্মিত ছিলেন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। এই মামলায় প্রাথমিকভাবে তদন্ত শুরু করে সিআইডি। কিন্তু তদন্তের গতিপ্রকৃতি নিয়ে প্রশ্ন ওঠে। পরে এই মামলায় সিবিআই তদন্তের নির্দেশ দেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। সওয়াল জবাবের সময়ে সিবিআই আদালতে অভিযোগ করেন. এই মামলার তদন্ত সংক্রান্ত সমস্ত নথি সিআইডি সিবিআই-এর হাতে দেয়নি। ফলে তদন্ত করতে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তাতে অত্যন্ত ক্ষুব্ধ হন বিচারপতি গঙ্গোপাধ্যায়। বিচারপতির ভর্ৎসনার মুখে পড়ে সিআইডি। পাঁচ লক্ষ টাকার জরিমানার নির্দেশ দেন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায় ।বিচারপতি সে সময়ে বলেছিলেন, আপনাদের নিয়ম অনুযায়ী পদক্ষেপ করুন। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করেই ডিভিশন বেঞ্চে যায় রাজ্য।

জমি, বাড়ির রেজিস্ট্রির সরলিকরণে ডাক বিভাগের সঙ্গে যৌথ উদ্যোগ রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ রাজ্যে জমি, বাড়ি সম্পত্তির রেজিস্ট্রির পরবর্তী প্রক্রিয়া সরল করতে রাজ্য সরকার ডাক বিভাগের সঙ্গে যৌথ ভাবে নতুন ব্যবস্থা চালু করছে। এর ফলে জমি বাড়ি বা সম্পত্তি কেনার পর তার দলিলের জন্য আর রেজিস্ট্রি অফিসে দৌড়াদৌড়ি করতে হবে না। সম্পত্তি রেজিস্ট্রির পর দলিল ডাকযোগে ক্রেতার ঠিকানায় পৌঁছে দেওয়া হবে। পাসপোর্ট দেওয়ার প্রক্রিয়াকে এক্ষেত্রে অনুসরণ করা হচ্ছে। এজন্য আঞ্চলিক পাসপোর্ট অফিসের সঙ্গেও রাজ্যের আলোচনা হয়েছেন। ইতিমধ্যেই নতুন ব্যবস্থা শুরু করার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। মুখ্যমন্ত্রী বিদেশ থেকে ফিরলেই আনুষ্ঠানিক ভাবে নতুন ব্যবস্থা চালু করা হবে। তবে নতুন পরিষেবা চালু করা হলেও সশরীরে দলিল সংগ্রহের পদ্ধতিও চালু থাকবে। এবার জমি- বাড়ি কেনার পর দলিল মিলবে দুয়ারে। অর্থাৎ 'দুয়ারে দলিল' পরিষেবা পাওয়া যাবে। এখন আর গিয়ে হত্যে দিয়ে পড়ে থেকে দলিল জোগাড় করতে হবে না। এই সমস্যার হাত থেকে মিলতে চলেছে মুক্তি। সম্পত্তি কেনার পর দলিলের জন্য আর রেজিস্ট্রি অফিসে হত্যে দিতে হবে না। সরাসরি ডাকযোগে ক্রেতার বাড়িতে পৌঁছে যাবে সম্পত্তির দলিল। নবান্ন সূত্রে খবর, নতুন এই পরিষেবা চালু হওয়া এখন সময়ের অপেক্ষা। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বিদেশ সফর সেরে ফিরলেই এই প্রকল্পে চূড়ান্ত সিলমোহর পড়বে। বিষয়টি ঠিক কেমন হতে চলেছে? এখন দলিলের 'সার্টিফায়েড কপি' অনলাইনে পাওয়া যায়। আর মূল দলিল পেতে নির্দিষ্ট আইজিআর রশিদ নিয়ে ক্রেতাকে রেজিস্ট্রি অফিসে গিয়ে তুলতে হয়। আবার আইনজীবীকে টাকা দিয়েও দলিল তোলা যায়। কিন্তু তাতে সময়, পরিশ্রম এবং খরচ তিনটিই হয়। আর দালালের খপ্পরে পড়লে তো কথাই নেই। এই দুর্ভোগ থেকে রাজ্যবাসীকে মুক্তি দিতে রাজ্য সরকার এই 'দুয়ারে দলিল' পরিষেবা আনছে বলে সূত্রের খবর। তাতে আর হ্যাপা পোহাতে হবে না। জমি- বাড়ি রেজিস্ট্রি করলেই ডাকযোগে ক্রেতার বাড়িতে সেই দলিল পৌঁছে যাবে। বাড়িতে বসেই হাতে আসবে সম্পত্তির দলিল। জমি-বাড়ি রেজিস্ট্রেশনের আইন ঘেঁটে অফিসাররা দেখেছেন, এই দুয়ারে দলিল পরিষেবা বাংলায় চালু করা সম্ভব। ইতিমধ্যেই এই পরিষেবা দিতে যে পরিকাঠামো দরকার সেটা নিয়ে বৈঠক হয়েছে। ডাকযোগে দলিল পাঠানোর খরচ যাতে ক্রেতার কাছে বাড়তি বোঝা মনে না হয় সেটাও দেখা হচ্ছে। পাসপোর্ট বিভাগের সঙ্গেও আলোচনা হয়েছে। কারণ পাসপোর্ট এভাবে দেওয়া হয়। সম্পত্তি রেজিস্ট্রেশনের বিষয়টি দেখভাল করে 'ডিরেক্টরেট অফ রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভিনিউ'। যা রাজ্য সরকারের অধীনে। এই নয়া পরিষেবা চালু হলেও রেজিস্ট্রি অফিস থেকে হাতে হাতে দলিল তোলার ব্যবস্থা চালু থাকবে। পরে সেটা তুলে দেওয়া হবে। রেজিস্ট্রি করার সময় দেওয়া ঠিকানাতেই পৌঁছে যাবে সম্পত্তির দলিল। দুয়ারে দলিল পরিষেবা চালু হলে অনেক কম সময়ে মিলবে সম্পত্তির দলিল। অর্থ দফতরের এক অফিসারের কথায়, 'এই দুয়ারে দলিল পরিষেবা পুরোদমে চালু হলে ক্রেতাকে রেজিস্ট্রির জন্য একবারই ওই অফিসে যেতে হবে। বারবার যাতায়াতের প্রয়োজন পড়বে না।'

উদ্ধার বৃদ্ধের পচা-গলা দেহ, তদন্তে নাগেরবাজার থানার পুলিস

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ দমদম নাগেরবাজারের বাগানবাড়ি থেকে এক ব্যক্তির পচা গলা মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়ায় বুধবার। দমদম নাগেরবাজারের নয়াপট্টি এলাকার বাগানবাড়ি থেকে এক ব্যক্তির পচা গলা মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়ায়। ৭২ বছরের কল্যাণ ভট্টাচার্য্য এই বাগানবাড়িতে একাই থাকতেন। সল্টলেকে থাকা তার আত্মীয়রা যখন তাকে ফোনে পাচ্ছিলেন না সেই সময় যখন এই বাড়িতে এসে খোঁজাখুঁজি করেন ঠিক সেই সময় তারা দেখতে পায় বাইরে থেকে তালা দেওয়া এবং ঘরের ভেতর থেকে পচা দুর্গন্ধ বেরোচ্ছে। এরপরই তারা নাগেরবাজার থানায় খবর দেয়। নাগেরবাজার থানার পুলিস ঘটনাস্থলে এসে মৃতদেহ উদ্ধার করে দরজা ভেঙে। পুলিস মৃতদেহ উদ্ধার করেছে ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠায়। অন্যদিকে খতিয়ে দেখা হচ্ছে পুলিসের পক্ষ থেকে বাইরে থেকে তালা দেওয়া ছিল কেন দরজায়? যা নিয়েই রহস্য তৈরি হয়েছে। সমস্ত ঘটনা খতিয়ে দেখছে নাগেরবাজার থানার পুলিস এবং মৃত ব্যক্তির আত্মীয়দের সঙ্গেও কথা বলা হচ্ছে। অন্যদিকে বাড়ির পোষ্য কুকুর এবং গাড়ি উধাও যা নিয়েই রহস্য তৈরি হয়েছে। অন্যদিকে শনিবার সকালেও বাড়ির সদর দরজা খুলে বাজারের ব্যাগ হাতে বেরোতে দেখা যায় ৭২ বছরের কল্যাণ ভট্টাচার্য্যকে। নিতান্ত প্রয়োজন ছাড়া তিনি বাড়ি থেকে বেরোতেন না। নিজে অকৃতদার। সেই অর্থে নিজের বলতে কেউ নেই। দূর সম্পর্কের এই খুড়তুতো ভাই থাকেন সল্টলেকে। মাঝে মাঝে ফোন করে যোগাযোগ রাখতেন তিনিই। এছাড়া বাড়িতেই তেমন একটা কেউ আসতেন না। নাগেরবাজার থানার ১৭৬ নম্বর নয়াপট্টি রোডের এই বাগান বাড়ির দরজা মূলত ভিতর থেকে তালা বন্ধ থাকত। রবিবার রাত সাড়ে আটটায় হঠাৎ উল্টো দিকের এক চায়ের দোকানে পৌঁছায় ড্রাইভার। সে নিজেকে কল্যাণ বাবুর গাড়ি চালক বলে পরিচয় দেয়। সদর দরজা তালাবন্ধ। ভিতরে অনেকটা জমি পেরিয়ে তবে বাগান বাড়ি। সে দাবি করে কল্যাণবাবু অসুস্থ। ডাক্তারের কাছে যাবেন বলে তাঁকে ফোন করে ডাকা হয়েছে। অথচ এখানে গেটে ভিতর থেকে তালা। ফোনও পাওয়া যাচ্ছে না। কীভাবে এই বাড়িতে ঢুকবে? আর কোনও পথ আছে? জানতে চায় যুবক। এরপর তাকে আর এলাকায় দেখা যায়নি। হঠাৎ সোমবার বিকেলে বরাবর বন্ধ থাকা এই বাগান বাড়ির সদর দরজা হাট করে খোলা থাকতে দেখে এলাকাবাসীর সন্দেহ হয়। তাদের আরও অবাক করে মঙ্গলবার বিকেলে কে বা কারা সদর দরজায় বাইরে থেকে তালা মেরে দিয়ে যায়। বাগানের রাস্তায় চাকার দাগ দেখা যায়। অথচ কল্যাণ বাবুর দামী নীল রং-এর গাড়ি ভিতর থেকে কেউ বেরোতে দেখেন নি। পাওয়া যায়নি গাড়ির খোঁজ। মেলেনি বরাবর একাকী এই মানুষটির কোলে থাকা পোষা কুকুরের খোঁজ। তাই রহস্য বাড়ছে। দেহ উদ্ধারের সময় ঘটনাস্থলে উপস্থিত এক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, দেহের একাধিক অংশে আঘাতের চিহ্ন ছিল। সল্টলেকের যে আত্মীয় তাকে ফোন করে না পেয়ে উদ্বিগ্ন হয়ে পড়েছিলেন, তিনি ছাড়া নিয়মিত খোঁজ খবর নেওয়ার মতো আর কেউ ছিল না বলেই প্রাথমিক ভাবে পুলিসের অনুমান। ময়নাতদন্ত রিপোর্ট হাতে এলে বোঝা যাবে এটি স্বাভাবিক মৃত্যু না এর পিছনে কোনও ফাউল প্লে আছে। বিপুল সম্পত্তির মালিক এই পরিবার। বাবা জিতেন্দ্রনাথ ভট্টাচার্য্য বর্ধিষ্ণু জমিদার। এই এলাকায় প্রচুর জমি স্কুল - কলেজকে দান করে গিয়েছেন। বাগান বাড়ি চার বিঘা জমির ওপর। একসময় এই বাগান বাড়িতে ধুমধাম করে দুর্গাপুজো হতো। ঠিক কী ঘটেছিল? কবে ঘটেছিল? জানতে নাগেরবাজার থানার পুলিস আশেপাশের সমস্ত সিসিটিভি ক্যামেরার ফুটেজ পরীক্ষা করছে। অপেক্ষা করছে ময়নাতদন্তের রিপোর্ট হাতে আসার।

নামখানায় অনুষ্ঠিত হলো দেশী বীজের সংরক্ষণ ও লান্ড্রেস ম্যাপিং মেথডোলজির উপর কর্মশালা

দুরন্ত বার্তা, নামখানা, ২১ সেপ্টেম্বর ঃ দক্ষিণ চন্দনপিড়ি বিবেকানন্দ ওয়েলফেয়ার সোসাইটি ও হায়দ্রাবাদ ওয়াসেনের যৌথ উদ্যোগে দেশী বীজের সংরক্ষণ ও লান্ড্রেস ম্যাপিং মেথডোলজির উপর একটি কর্মশালা অনুষ্ঠিত হলো। বিশেষ করে হারিয়ে যাওয়া ধান ও সবজির বীজ কিভাবে সংরক্ষণ করা যাবে এবং কেন তার সংরক্ষণ প্রয়োজন। সেই সাথে জৈব চাষ কি এবং কিভাবে রাসায়নিক সারের মাধ্যমে মাটির উর্বরতা শক্তি নষ্ট হচ্ছে এই বিষয়ে বিশদে আলোচনা করা হয় এই কর্মশালায়। সংগঠনের সদস্য শান্তনু দাস জৈব চাষ নিয়ে বিশদে আলোচনা করেন। ওয়াসেনের পক্ষে শুভদীপ মণ্ডল লান্ড্রেস ম্যাপিং কি এবং কিভাবে করা হয় সেটি বাছাই করা চাষীদের সামনে প্র্যাকটিক্যালি দেখান। এই কর্মশালায় উপস্থিত হয়ে নামখানা ব্লকের কৃষি আধিকারিক তন্ময় পাইক দেশি বীজের সংরক্ষণ ও জৈব চাষ নিয়ে বিশদে আলোচনা করেন। তিনি উপস্থিত সবাইকে ব্লক কৃষি দপ্তরের মাধ্যমে কি ধরনের সুবিধা পাওয়া যেতে পারে তা নিয়েও বিস্তর আলোচনা হয়। সংগঠনের সম্পাদক অধ্যাপক ড. শান্তনু বেরা এই সংগঠন আগামী দিনে চাষী ভাইদের জন্য কি ধরনের পরিকল্পনা নিচ্ছে সেটি বলেন। আগামীতে ব্লক কৃষি দপ্তর ও কৃষি বিজ্ঞান কেন্দ্রের মাধ্যমে বিভিন্ন ধরনের প্রযুক্তি কিভাবে পৌঁছে দেওয়া যায় সে বিষয়ে বলেন। তিনি বলেন, এই সংগঠন ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান, নারী ও শিশু স্বাস্থ্য, জীবন জীবিকা নির্ভর বিভিন্ন প্রশিক্ষণ, বয়স্ক শিক্ষা কেন্দ্র স্থাপন ইত্যাদি নিয়ে কাজ করছে। এদিনের কর্মশালায় উপস্থিত ছিলেন ব্লক কৃষি আধিকারিক, সংগঠনের সম্পাদক ছাড়াও সংগঠনের সভাপতি অনুপ মাইতি, সহ-সভাপতি প্রবীর পাল, প্রাক্তন সম্পাদক অতনু বেরা, প্রাক্তন সভাপতি অনুপ কুমার মাইতি ও প্রদীপ ওঝা, পরিচালন কমিটির সদস্য নবকুমার গায়েন ও দীপক মাইতি, বাপ্পা দাস প্রমুখ।

খানাকুলে বাইক দুর্ঘটনায় মৃত ১, আহত ২

বনস্পতি দে, হুগলি, ২১ সেপ্টেম্বর ঃ হুগলির খানাকুলে বাইক দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু। মৃতের নাম রাকিবুল (২১)। স্থানীয় ও পরিবার সূত্রে জানা গিয়েছে বুধবার রাতে খানাকুলের বন্দর এলাকা থেকে তিনজন মিলে একটি বাইকে করে খানাকুলের ঘোষপুর এলাকায় ফিরছিল তিন যুবক কিছুদূর যাওয়ার পর নারকেলতলা পেট্রোল পাম্প এর কাছে হঠাৎ বাইকটি নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পড়ে সঙ্গে সঙ্গে এলাকার লোকজন তিন যুবককে আরামবাগ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা একজনকে মৃত বলে ঘোষণা করে বাকি দুজন গুরুতর আহত হয়ে হাসপাতালে ভর্তি। জানা গিয়েছে মৃত রাকিবুল বাইকটি চালাচ্ছিলেন বাকি দুজনের মুখে আঘাত লেগেছে, ও হাত ভেঙেছে জানা গেছে মৃতের কাকার বক্তব্য ভাইপো রাকিবুল রাজস্থানের সোনার কাজ করত দেড় মাস আগে সে বাড়িতে এসেছিল, পরিবারে আছে এক ভাই বাবা-মা ও তিন বোন এলাকায় শোকের পরিবেশ পুলিশ মৃতদেহটি মনে তদন্তে পাঠিয়েছে পুলিশ তদন্ত শুরু করেছে।

বৃহস্পতিবার থেকে যাদবপুরের হস্টেলে নয়া সতর্কতা

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ বৃহস্পতিবার থেকে রাতে আর অবাধ যাতায়াত থাকবে না যাদবপুরের হস্টেলে। ঘড়ির কাঁটায় রাত ১০ টা বাজলেই বন্ধ হয়ে যাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সব হস্টেলের গেট। রাত ১০ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত পুরোপুরি বন্ধ থাকবে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হস্টেলের গেট। বুধবারই এই বিজ্ঞপ্তি জারি করেছেন কর্তৃপক্ষ। তবে, কার্যকরি করার চেষ্টা হয় বৃহস্পতিবার থেকে। হস্টেলের প্রত্যেক আবাসিককে সব সময় নিজেদের সঙ্গে হস্টেলের আইডেন্টিটি কার্ড রাখতে হবে। যখনই তা দেখতে চাওয়া হবে, তা দেখাতে হবে। বিশ্ববিদ্যালয়ের তরফে বিজ্ঞপ্তি জারি করে একথা জানিয়ে দেওয়া হয়েছে। একইসঙ্গে বলে দেওয়া হয়েছে, রাত ১০ টার পর হস্টেলের কোনও আবাসিক যেন হস্টেলের বাইরে না থাকেন। যদি কোনও কারণে কোনও পড়ুয়াকে হস্টেলের বাইরে থাকতে হয়, তাহলে তা হস্টেল সুপারকে আগাম জানাতে হবে। হস্টেলের কোনও আবাসিকের সঙ্গে বাইরের কেউ দেখা করতে এলেও আর যত্রতত্র যেতে পারবেন না। বিজ্ঞপ্তিতে কড়াভাবে বলে দেওয়া হয়েছে, ভিজিটররা শুধুমাত্র হস্টেলের ভিজিটর রুমেই বসতে পারবেন। ভিজিটর রুম যদি কোনও কারণে খালি না থাকে, তাহলে হস্টেলের যে ঘরে টিভি রয়েছে, সেই ঘরে বসতে হবে।

বরানগর পুরসভার ৩২ জনকে তলব করেছে সিবিআই

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ পুরনিয়োগ দুর্নীতি মামলায় তৎপর সিবিআই। এবার একসঙ্গে বরানগর পুরসভার ৩২ জন কর্মীকে সিবিআই দফতরে হাজিরা দেওয়ার নোটিশ পাঠিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। তলব করা হয়েছে একাধিক পুরসভার শিক্ষক, ক্লার্ক এবং গাড়িচালকদেরও। তাঁদের ২০- ২৯ সেপ্টেম্বরের মধ্যে সিবিআই দফতরে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে। পুরনিয়োগ দুর্নীতি মামলায় ইতিমধ্যে বরানগর, কামারহাটি, পানিহাটি, টিটাগড় ও উত্তর দমদম পুরসভায় ইতিমধ্যেই তল্লাশি অভিযান চালিয়েছে সিবিআই। উত্তর ২৪ পরগনার জেলার একাধিক পুরসভার কর্মী ও আধিকারিকদের তলব করা হয়েছে। এবার বরাহনগর পুরসভার ৩২ জনকে একসঙ্গে তলব করায় চাঞ্চল্য ছড়িয়েছে। সূত্রের খবর, পুরকর্মী ও আধিকারিকদের জিজ্ঞাসাবাদ করে বয়ান রেকর্ডের প্রক্রিয়া শুরু করতে চলেছে কেন্দ্রীয় এজেন্সি। মূলত ২০১৪ সালের পর থেকে যে সমস্ত নিয়োগ হয়েছে, তা নিয়েই জিজ্ঞাসাবাদ করা হবে। জানতে চাওয়া হবে, কোন কোন পদে নিয়োগ হয়েছে, কীভাবে নিয়োগ প্রক্রিয়া চলেছে, কারও নির্দেশে নিয়োগ হয়েছিল কি না।

হুগলির মুখোপাধ্যায় বাড়ির দুর্গা পুজো যেন সম্প্রিতির মিলনক্ষেত্র

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক, ২১ সেপ্টেম্বর ঃ হুগলি চাঁপদানির মুখোপাধ্যায় বাড়ির দুর্গাপুজোয় রীতি মেনে আজও বলি দেওয়া হয় চালকুমড়ো। ভোগে থাকে ইলিশের টক। তবে এ পুজোর আকর্ষণের কেন্দ্রবিন্দুতে রয়েছে অন্য এক বিষয়, হুগলির মুখোপাধ্যায় বাড়ির দুর্গাপুজোয় জাতি ধর্ম নির্বিশেষে মেতে ওঠেন হিন্দু-মুসলিম সকলেই। বহুবছর ধরে হুগলির চাঁপদানি এলাকায় বাস মুখোপাধ্যায় পরিবারের। কলকাতায় ব্যবসা রয়েছে তাঁদের। প্রায় ৩৫০ বছর আগে দুর্গা পুজো শুরু হয় হুগলির বাড়িতে। বাঙালি, অবাঙালি-শুধুই নয়, মুসলিমরাও শামিল হয় এই পুজোয়। প্রতিমা আনা থেকে শুরু করে পুজোর কাজে অংশ নেওয়া সবেতেই অংশগ্রহণ করেন সব ধর্মের মানুষ। সপ্তমীতে কলাবউ স্নান দিয়ে শুরু হয় দেবীর আবাহন। ১৪ রকমের নৈবেদ্য-সহ প্রতিদিন পুজো দেওয়া হয় দেবী দুর্গাকে। একইসঙ্গে তিনদিন মাটির হাঁড়িতে ইলিশের টক দেওয়া হয় ভোগ হিসেবে। এই পুজোয় চালকুমড়ো বলি দেওয়ার রীতিও প্রচলিত আছে। সন্ধিপুজোয় ১০৮ প্রদীপ জ্বালিয়ে দেবীকে বরণ করেন বাড়ির বউরা। দশমীর বরণে রয়েছে অভিনবত্ব, এদিন পরিবারের বিবাহিত মেয়েরা প্রথমে দেবী বরণ করেন। তারপর অংশ নেন বাড়ির বউরা। নিয়ম মেনে আজও বিসর্জনের পর সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অভিনবত্বের নামে আজ আমরা আমাদের ঐতিহ্য সংস্কার সংস্কৃতি কে ক্রমেই ভুলতে বসেছি। অদ্ভুত এক শিক। থেকে দুরে যাবার খেলায় আমরা মত্ত, ভুলতে বসেছি আমাদের শৈশব , কৈশরের পুজোর সেই দিন গুলি, ভুলতে বসেছি সৌভাতৃত্বের সেই পাঠ, তারই মাঝে হুগলির চাঁপদানির মুখোপাধ্যায় বাড়ির পুজো সত্যিই অনন্য ও দৃষ্টান্ত স্থাপনকারী।

নিয়োগ দুর্নীতিতে অভিনেতা-যোগ, ৪৪ লক্ষের লেনদেন, আদালতে জানাল ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ নিয়োগ দুর্নীতি মামলায় এবার লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার সিইও এবং ডিরেক্টরের সম্পত্তি নিয়ে রিপোর্ট জমা পড়ল কলকাতা হাইকোর্টে। আদালতের নির্দেশেই সংস্থার সিইও, ডিরেক্টরের সম্পত্তির খতিয়ান নিয়ে বিচারপতি অমৃতা সিনহার এজলাসে ওই রিপোর্ট জমা পড়ল। রিপোর্ট জমা দিল কেঃন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেঃন্ট ডিরেক্টরেট ইডি। আদালতে জমা দেওয়া ওই রিপোর্টে চলচ্চিত্র জগতের সঙ্গে যুক্ত ব্যক্তিদেরও সম্পত্তির খতিয়ান তুলে ধরা হয়েছে। নিয়োগ দুর্নীতিতে আর্থিক লেনদেনে যুক্ত এক অভিনেতার সন্ধান দিল ইডি। মোট ৪৪ লক্ষ টাকার লেনদেন হয়েছিল বলে আদালতে জানালেন কেঃন্দ্রীয় তদন্তকারীরা। যদিও ওই অভিনেতা টাকা ফেরত দিয়েছেন বলে দাবি ইডি-র। আদালতে ওই রিপোর্ট জমা পড়ার পর, বিচারপতি সিনহা ইডি-কে প্রশ্ন করেন, গোটা ইন্ডাস্ট্রিতে মাত্র একজনের সন্ধান পেলেন! আর কেউ আর্থিক লেনদেনে যুক্ত নেই? জবাবে ইডি আদালতে জানায়, এখনও পর্যন্ত যতটা তথ্য এবং নথি সংগ্রহ করা গিয়েছে, তার ভিত্তিতেই তৈরি করা হয়েছে রিপোর্টটি। তদন্ত চলছে। আরও একটু সময় দেওয়া হোক।

সরকারি দফতরে বৈদ্যুতিক গাড়ির ব্যবহার বাড়াতে সিদ্ধান্ত

দুরন্ত বার্তা, কলকাতা, ২১ সেপ্টেম্বর ঃ সরকারি দফতরে বৈদ্যুতিক গাড়ির ব্যবহার বাড়াতে উদ্যোগী হল পরিবহণ দফতর। বর্তমানে যে খরচে লাক্সারি ট্যাক্সি ভাড়া নেওয়া হয়, ই-যানের ক্ষেত্রে তা তিনগুণ করা হল। সম্প্রতি এ বিষয়ে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বৃহস্পতিবার এ খবর জানা গিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, লাক্সারি ট্যাক্সি যদি ই-ভেহিক্যাল হয়, তাহলে তার ভাড়া হবে মাসে ৪৬ হাজার টাকা। এই ভাড়ায় দিনে সর্বোচ্চ ১০০ কিলোমিটার পর্যন্ত চালানো যাবে। তার পরও যদি তা চলে কিলোমিটার পিছু তার ভাড়া হবে আরও ৮ টাকা করে। গত কয়েক বছর ধরেই রাজ্যে 'ইলেকট্রিক ভেহিকলস' চালানোর উপর জোর দিচ্ছিল পরিবহণ দফতর। গণপরিবহণে যাতে আরও অনেক বেশি সংখ্যায় বৈদ্যুতিক গাড়ি চালানো যায় সেই বিষয়ে একাধিক পদক্ষেপও করা হয়েছিল। কিন্তু এ বার সরাসরি রাজ্যের প্রশাসনিক কর্তাব্যক্তিদের জন্য বৈদ্যুতিক চালিত গাড়ি ভাড়া নেওয়ার সিদ্ধান্তে অনুমোদন দেওয়া হল। ডিজেল বা পেট্রলের গাড়ি ভাড়া নেওয়া যাবে না এমনটা নয়। তবে এই ধরনের কোনও গাড়ি ভাড়া নিতে হলে আগে অর্থ দফতরের অনুমতি নিতে হবে। উল্লেখ্য, ১৫ বছর হয়ে যাওয়ায় সরকারি দফতরে ভাড়া খাটা প্রায় কুড়ি হাজারের বেশি লাক্সারি ট্যাক্সি বসিয়ে দিতে হবে। প্রয়োজন পড়বে নতুন গাড়ির। লাক্সারি ট্যাক্সির মালিকরা যাতে এই কাজে ই-ক্যাব কেনেন সেকারণেই এই নয়া ভাড়া নির্ধারিত হল। এত দিন সেভাবে লাক্সারি ই-ক্যাবের কোনও ভাড়া নির্ধারিত ছিল না। মনে করা হচ্ছে, মাসে ৪৬ হাজার টাকা পাওয়া গেলে অনেকেই লাক্সারি ট্যাক্সি হিসাবে ই-ক্যাব ভাড়ায় দেবেন। রাস্তায় এই গাড়ির সংখ্যা বাড়বে। শুধু এই ভাড়া নয়, বৈদ্যুতিক যান কিনলে একাধিক ক্ষেত্রে ছাড়ও দেওয়া হবে সরকারের তরফে। উল্লেখ্য, লাক্সারি ট্যাক্সি শেষ ভাড়া বেড়েছিল ২০০৮ সালে। সেই সময়ের ভাড়া করা হয়েছিল দিনে ৪৬৮ টাকা। তার পর ঘণ্টাপিছু আট টাকা। সরকারি দফতরের আমলা থেকে আধিকারিক, রাজ্যের বিভিন্ন দফতরের সরকারি কর্তা-ব্যাক্তিদের যাতায়াত এবং কাজকর্মের জন্য লাক্সারি ট্যাক্সি ভাড়া নেওয়া হয়। এই ট্যাক্সির সংগঠনও রয়েছে। দীর্ঘদিন ধরেই তাঁরা ভাড়াবৃদ্ধির দাবি জানিয়ে আসছিলেন।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ২৯৩ সংখ্যা, শুক্রবার, ৪ আশ্বিন ১৪৩০

মহিলাদের বাদ দিয়ে কোনও সমাজ এগোতে পারে না

বিশেষ প্রতিনিধি

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবকিছুতেই নিজের কৃতিত্ব দাবি করেন। কিছুদিন আগে চন্দ্রযানের সফল অবতরণের জন্য বিজেপির নেতারা তাঁর কৃতিত্ব দাবি করেছিলেন। এবার আইনসভায় নারীদের জন্য আসন সংরক্ষণ বিল নিয়েও একইরকম দাবি করা হচ্ছে। মঙ্গলবার বিলটি লোকসভায় পেশ করা হয়। তার নাম 'নারী শক্তি বন্ধন অভিনিয়ম'। এর আগে সোমবার কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন পায়। আর বুধবার পাশ হয়ে যায় বিলটি। তার পরেই খাদ্য প্রক্রিয়াকরণ ও জলশক্তি মন্ত্রকের প্রতিমন্ত্রী টুইট করে বলেন, 'একমাত্র মোদি সরকারই মহিলাদের আসন সংরক্ষণের দাবি পূরণ করতে পারে। এই সরকারের সেই নৈতিক সাহস আছে। সেজন্য নরেন্দ্র মোদিজিকে অভিনন্দন জানাই।'' বহুদিন ধরে ওই বিল পাশ করানোর চেষ্টা চলছে। তা প্রথমবার সংসদে পেশ করা হয় ১৯৯৬ সালে। ২০১০ সালে রাজ্যসভায় বিলটি পাশ হয়ে যায়। কিন্তু লোকসভায় পাশ হয়নি। নিয়মমতো ওই বিল পাশ হওয়ার জন্য সংসদের দুই কক্ষে দুই তৃতীয়াংশ সদস্যের সমর্থন চাই। সেই সঙ্গে দেশে যতগুলি বিধানসভা আছে কমপক্ষে তার অর্ধেককে বিলটি অনুমোদন করতে হবে। তবেই ওই বিল আইনে পরিণত হবে। তখন সংসদের দুই কক্ষ ও বিধানসভাগুলির এক তৃতীয়াংশ আসন সংরক্ষিত থাকবে মহিলাদের জন্য। ওই সংরক্ষণের মধ্যে আবার তফসিলি জাতি-উপজাতিভুক্ত মহিলাদের জন্য আলাদা করে সংরক্ষণের ব্যবস্থা আছে। মূলত বর্তমানে সংসদে মোদি সরকারের যে গরিষ্ঠতা রয়েছে, তার জন্যই বিলটি পাশ

হয়ে যায় বলে মনে করা হচ্ছে। তবে ২০২৪ সালের লোকসভা নির্বাচনের আগে তা বাস্তবায়িত হওয়ার সম্ভাবনা কম। কারণ তার আগে লোকসভা ও বিধানসভা কেন্দ্রগুলির পুনর্বিন্যাস করতে হবে। মহিলাদের জন্য আইনসভায় নিশ্চয় আসন সংরক্ষিত হওয়া উচিত, কিন্তু এতেই নারী ক্ষমতায়ন হয়ে যাবে ভাবা ভুল হবে। আমাদের দেশের নানা ক্ষেত্রে এখনও জাঁকিয়ে বসে আছে পুরুষতান্ত্রিক মানসিকতা তথা নারীবিদ্বেষ। এমনকি যাঁরা মহিলাদের জন্য আসন সংরক্ষণের বিল পাশ করালেন, সেই রাজনীতিকরাও এর ব্যতিক্রম নন। মাঝে মাঝে তাঁদের অনেকে এমন মন্তব্য করেন, তাতে বোঝা যায়, আমাদের রাজনীতিকদের এক বড় অংশের মানসিকতা মধ্যযুগে পড়ে রয়েছে। মোদির নিজের দলের নেতা দয়াশংকর সিং একসময় দলিতনেত্রী মায়াবতীকে যৌনকর্মীদের সঙ্গে তুলনা করেছিলেন। ২০২০ সালে কেরল প্রদেশ কংগ্রেসের সভাপতি মুল্লাপাল্লি রামচন্দ্রন মন্তব্য করেন, এলডিএফ সরকার এক 'দুশ্চরিত্র' মহিলাকে কংগ্রেসের বিরুদ্ধে ব্যবহার করছে। সেই মহিলা একের পর এক কংগ্রেস নেতার বিরুদ্ধে পুলিশে অভিযোগ করছেন। ২০১৪ সালে উত্তরপ্রদেশে ভোটের আগে মুলায়ম সিং ধর্ষণের অপরাধে মৃত্যুদণ্ডের বিরোধিতা করেছিলেন। তাঁর মন্তব্য ছিল, 'ল্যাড়কে ল্যাড়কে হ্যায়, গলতি হো যাতি হ্যায়।' এর অর্থ, ছেলেরা তো ছেলেদের মতো হবেই। মাঝে মাঝে তাদের ভুল হয়ে যায়। ২০১৫ সালে গোয়ার মুখ্যমন্ত্রী লক্ষীকান্ত পারসেকর আন্দোলনরত নার্সদের বলেছিলেন, 'তোমরা যদি রোদে বসে থেকে অনশন চালিয়ে যাও, তাহলে তোমাদের গায়ের রঙ কালো হয়ে যাবে। তখন কেউ তোমাদের বিয়ে করবে না।' এরকম উদাহরণ আরও দেওয়া যায়। শুধু রাজনীতিকরা নন, সাধারণ মানুষের এক বড় অংশও পুরুষতান্ত্রিক মানসিকতায় ভোগেন। মেয়েরা কোথাও নিগৃহীত হলে মেয়েদেরই দোষী মনে করেন। এমনকী মহিলাদের একটি অংশও এর ব্যতিক্রম নন। তাঁরা বলেন, মেয়েদের এমন পোশাক পরা উচিত নয় যাতে ছেলেরা প্রলুব্ধ হয়। সন্ধ্যার পরে মেয়েদের একা বাইরে বেরোন উচিত নয়, ইত্যাদি। অনেক সময় পুলিশ-প্রশাসনও ঘোর নারীবিদ্বেষী আচরণ করে। উত্তরপ্রদেশের হাথরাসে ধর্ষণ ও খুনের ঘটনাই তার প্রমাণ। এই পুরুষতান্ত্রিক মানসিকতার যদি পরিবর্তন না হয়, তাহলে মহিলারা আইনসভায় গিয়েও বেশি কিছু করতে পারবেন না। আধুনিক উন্নত শিক্ষাব্যবস্থাই লিঙ্গসাম্যের পাঠ দিতে পারে। ছোট থেকেই ছেলেমেয়েদের শেখাতে হবে, মেয়েরা নিম্নশ্রেণির জীব নয়। তাঁদের বাদ দিয়ে দেশ ও সমাজ এগোতে পারবে না।

মহিলা বিল নিয়ে নির্বাচনী প্রচার!

সম্পাদকীয় ১

লোকসভায় পাশ হয়ে গেল মহিলা বিল। ২০২৪ সালের লোকসভার নির্বাচন, ২০২৬ সালের বিধানসভার নির্বাচন এমনকী ২০২৯ সালের লোকসভার নির্বাচনে এই মহিলা সংরক্ষণ বিল কার্যকর হচ্ছে না। তাহলে কেন এত দ্রুত মহিলা বিলকে লোকসভায় পাশ করে রাখা হল। তার একটি মাত্র কারণ হচ্ছে নির্বাচনী প্রচার। লোকসভার নির্বাচনে সব রাজনৈতিক দলের নেতারা মহিলা বিশ লোকসভায় পাশ হয়ে গিয়েছে তা বলতে থাকবে। এই মহিলা বিলের মধ্যে দিয়ে মহিলাদের কোনও উন্নতি হবে কিনা তা নিয়ে প্রশ্ন দেখা দিতে শুরু করে দিয়েছে অধিকাংশ মহিলাদের। মহিলারা বেশি করে অত্যাচাতির। তারা বর্ণ, জাতি বিদ্বেষের শিকার। স্বামী বিবেকানঃদ বলেছিলেন ভারত থেকে যতদিন না বর্ণ এবং জাতিভেদাভেদ উঠে না যাচ্ছে ততদিন ভারত কিন্তু শক্তিশালী রাষ্ট্রে পরিণত হতে পারবে না। দেশ গঠনে সব জনগণকে প্রয়োজন। বিশেষ করে মহিলাদের সক্রিয় সহযোগিতায় দেশ গড়ে ওঠতে পারে। কিন্তু আমরা বর্ণ এবং জাতিভেদাভেদের মধ্যে দিয়ে মহিলা থেকে শুরু করে ভারতের জনগণকে তফাতে সরিয়ে রেখে দিয়েছি। বর্ণ বৈষম্য নিয়ে বহু মহাপরুষ সোচ্চার হয়েছিলেন। বর্ণ এবং জাতিভেদাভেদ বিরোধী কোনও বিল পাশ করতে কেন ভারতের মতো একটি উদার দেশ সংসদে বিল পাশ করতে পারছে না সেটা ভাববার প্রয়োজন এসেছে। মানুষের কোনও জাত থাকবে না কোন বর্ণ থাকবে না। পদবি তুলে দেওয়ার কথা বলা হয়েছিল। পদবী ব্যবহার করলে সেখানে বর্ণ ভেদাভেদের কথা এসে পড়ে। সেই উদ্যোগ গ্রহণ করতে দেখা যাচ্ছে না। উপজাতি, তপশিলি জাতি, কায়স্ত, বৈশ্য, ব্রাহ্মণ এই রকম কয়েক শো বর্ণ ভারতে জীবিত রয়েছে। তারাই কিন্তু মানুষের মধ্যে বিভেদ তৈরি করছে। মহিলাদের মধ্যে বিভেদ সৃষ্টি করছে। উচ্চ বর্ণের পুরুষ নিম্ন বর্ণের মহিলাদের সঙ্গে কথা বলতে পারবে না। এমনকী বিবাহ করতে পারবে না। তাহলে সমজা চ্যুত হওয়ার ভয় এখন থেকে গিয়েছে। সামাজিক বয়কট করা হতে থাকে যদি কোনও মহিলা পালিয়ে গিয়ে অন্য কোনও বর্ণের পুরুষকে বিবাহ করে। লোকসভায় মহিলারা সাংসদেরা এই নিয়ে বহু কথা বলেছেন। মহিলা সাংসদ ইতিমধ্যে বয়স্কদের রেল ভাড়া যে সুবিধা ছিল তা তুলে দেওয়া নিয়ে প্রতিবাদ করেছে। কিন্তু রেলমন্ত্রী বয়স্কদের রেলের সুবিধা তুলে দিয়ে নিজেকে গর্বিত বলে ভাবতে শুরু করে দিয়েছেন। ভারতের রাষ্ট্রপতি পদে একজন জনজাতির মহিলাকে আসনে বসিয়ে কর্তব্য শেষ হয়ে গেল না। কর্তব্য আরও বৃদ্ধি পেল। প্রত্যেক মহিলাদের শিক্ষার অধিকারকে সাংবিধানিক স্বীকৃতি দিতে হবে। মহিলাদের শিক্ষা গ্রহণকে বাধ্যতামূলক করার খুবই প্রয়োজন। নাহলে দেশের সমাজ শক্তিশালী হতে পারবে না। মহিলারাই হচ্ছেন একজন শিশুর প্রথম শিক্ষাগুরু। ফলে মহিলাদের শিক্ষা অধিকারকে বাধ্যতামূলক করার খুবই প্রয়োজন। মহিলাদের আর্থিক সাহায্য দেওয়ার প্রয়োজন রয়েছে। গ্রামের অধিকাংশ মহিলারা কায়িক পরিশ্রম করে অর্ত রোজগার করে। সুন্দরবনের মহিলারা জীবনের ঝুঁকি নিয়ে মিন সংগ্রহ করে আর্থিক রোজগার করে থাকে। এদের কথা ভাবতে হবে। লোকসভায় মহিলা আসন সংরক্ষণ বিল পাশ হওয়াটা যেমন দরকার ঠিক তেমনি দেশের মহিলারা যাতে আর্থিক, শিক্ষা এবং চাকরি দিক দিয়ে কোনও রকম অসুবিধায় না পড়ে তার দিকে খেয়াল রাখার খুবই প্রয়োজন।

ভারতের কূটনীতিতে কোণঠাসা চিন!

সম্পাদকীয় ২

সেই সময়ে আমেরিকার ভারতকে সমর্থন না করলে চিন ভারতের অধিকাংশ সীমান্ত ভূখণ্ড দখল করে নিয়েছিল। ম্যাকমোহন লাইন হওয়ার ফলে চিনকে বেশ পিছনে সরে যেতে বাধ্য হয়। চিন এখনও পর্যন্ত ম্যাকমোহন লাইনকে মানসিক দিক দিয়ে গ্রহণ করে নিতে পারেনি। তারা ম্যাকমোহন লাইন অতিক্রম করে ভারতের ভূখণ্ড দখল করে নেওয়ার চেষ্টা করছে। চিনের চেয়ারম্যান শিন ফিংয়ের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী যতই ভালোবাসার দোলনায় চড়ুক না কেন চিন কিন্তু নিজের স্বার্থ ছাড়া কারোর সঙ্গে বেশি বন্ধুত্ব করে না। এটা বুঝতে হবে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেটা বুঝতে পেরেছেন কিনা জানা নেই। চিন যখনই কোনও রকমভাবে গায়ে পড়ে বন্ধুত্ব করতে ইচ্ছা প্রকাশ করছে তখনই বুঝতে হবে এর পিছনে চিনের নিশ্চয় কোনও স্বার্থ রয়েছে। না হলে চিন কেন হঠাৎ করে একেবারে গায়ে পড়ে বন্ধুত্ব করতে চায়? আসলে আন্তজার্তিক কূটনীতিতে চিন বেশ খানিকটা কোনঠাসা হয়ে পড়তে শুরু করে দিয়েছে। গোটা ইউরোপ এখন চিন বিরোধী হাওয়া বইতে শুরু করে দিয়েছে। এদিকে কোরিয়া থেকে শুরু করে তাইওয়ান, এমনকী হংকং পর্যন্ত চিন শাসনের বিরোধিতা করছে। ফলে আন্তর্জাতিক দিক দিয়ে চিন বেশ কোনঠাসা। চিনের করোনাভাইরাসের সংখ্যা আবার বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। সেখানকার চিন কমিউনিস্ট পার্টির বিরোধী গোষ্ঠীরা চেষ্টা করছে মাথা তুলে দাঁড়াবার। তিয়েন মিন স্কোয়ারের ঘটনার পর থেকে চিন সর্বত্র পুলিশি নজরদারি ব্যবস্থা করেছে। কমিউনিস্ট বিরোধী কোনও মত প্রকাশ করলেই তার দরজায় পুলিশ গিয়ে উপস্থিত হচ্ছে এবং এমনকী চিনা জেলখানায় বহু বিদ্রোহী চিনা নাগরিকেরা রয়েছে। আবার এদের মধ্যে কাউকে আবার বিষ প্রয়োগ করে মেরে ফেলে হয়েছে। করোনাবাইরাস বৃদ্ধি পাওয়ার ফলে চিন ব্যবসা এখন সবচেয়ে মার খেতে শুরু করে দিয়েছে। আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন কারখানাগুলো চিন থেকে কারখানা সরিয়ে ভারতের প্রতিষ্ঠা করার প্রতি আগ্রহ দেখিয়েছে। ফলে চিন আরও ক্ষিপ্ত হয়ে গিয়েছে।

কালী সাধক রামপ্রসাদ

তপোবন সভ্যতায় আমরা দেখতে পেলাম যে শিক্ষা বিস্তারের প্রভাব। তপোবন সভ্যতায় আমরা দেখতে পেলাম যে মাতৃশক্তির প্রভাব। জ্ঞানের প্রভাব। শক্তির প্রভাব। শিক্ষা গ্রহণ করতে হবে সব বিষয়ে। কোনও একটি বিশেষ বিষয়ের মধ্যে থাকা একেবারে চলবে না। সব বিষয়ে পারদর্শী হতে হবে। যিনি তা হতে পারবেন তিনি তপোবন শিক্ষা শিক্ষিত হবেন। বেদের মধ্যে দিয়ে চিন্তার বিকাশের সূত্রপাত। তিনি বেদ বেদান্ত দিয়েই সভ্যতার বিকাশ ঘটাতে পেরেছেন। ভারতীয় সভ্যতার বিকাশ হয়েছে বেদ বেদান্তের ওপরে ভিত্তি করে। মনের শক্তি দিয়ে তা লাভ করা সম্ভব হয়েছে। সামাজিক শক্তি সবল হয়েছে। পারিবারিক শক্তির বিকাশ ঘটেছে। মাতৃশক্তির পূর্ণ বিকাশ এই সময়ে দেখতে পাওয়া সম্ভব হয়েছে।

বিশ্বয়ানের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রযুক্তিগত শিক্ষার চর্চা

প্রযুক্তির উন্নত সুবিধার ফলে বহুজাতিক কোম্পানিগুলোর পুঁজিবিনিয়োগ, কাঁচামাল সংগ্রহ, পণ্যদ্রব্য উৎপাদন ও বৈশ্বিক বিপণন প্রক্রিয়ার সামনে তৃতীয় বিশ্বের কোম্পানিগুলোর সামনে দাঁড়ানো অসম্ভব হয়ে পড়েছে। এ অসম প্রতিযোগিতায় তৃতীয় বিশ্বের শিল্প ও বাণিজ্য ব্যাপকভাবে চ্যালেঞ্জের সম্মুখীন। জাপান, জার্মান, ফ্রান্স, ব্রিটেন, ইতালি ও কানাডার মালিকানাধীন প্রায় তিন হাজার কোম্পানির উৎপাদিত পণ্য উন্নত ও তুলনামূলক সস্তা হওয়ায় সাধারণ ভোক্তা এসব পণ্যের প্রতি ঝুঁকে পড়ে। এতে দেশীয় পণ্য মার খায়, স্থানীয় পুঁজিবিনিয়োগ বাধাগ্রস্ত হয়ে পড়ে। ফলে স্বাভাবিক পথে দরিদ্র দেশের শিল্প-কারখানায় লালবাতি জ্বলে।

বিশেষ প্রতিনিধি

গোটা বিশ্ব এখন মানুষের হাতের মুঠোয়। অর্থনৈতিক উন্নয়ন, যোগাযোগ ও তথ্যপ্রযুক্তির দৌলতে বিভিন্ন জাতি, গোষ্ঠী, অঞ্চল ও দেশের ভৌগোলিক সীমানা সঙ্কোচিত হয়ে পৃথিবী গ্লোবাল ভিলেজে পরিণত হয়েছে। যোগাযোগের বিস্ময়কর উন্নয়ন, নতুন অর্থনৈতিক ব্যবস্থা, প্রযুক্তি বিপ্লব, উন্মুক্ত বাজার অর্থনীতি ও আন্তর্জাতিক বাণিজ্যের ফলে বিশ্বে যে নতুন পরিবর্তিত পরিস্থিতির (নিউ ওয়ার্ল্ড অর্ডার) উদ্ভব হয়েছে, এটিই বিশ্বায়ন বা গ্লোবালাইজেশন। সোভিয়েত ইউনিয়নের পতনোত্তরকালে 'বিশ্বায়ন'-এর পরিভাষা ও প্রত্যয়ের বহুল ব্যবহার লক্ষ করা যায়। ধারণা করা হয়, কানাডার সমাজবিজ্ঞানী মার্শাল ম্যাকলুহানের ১৯৭০ সালে রচিত ওয়ার অ্যান্ড পিস ইন গ্লোবাল ভিলেজ এবং সাবেক মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টারের জাতীয় নিরাপত্তা-বিষয়ক উপদেষ্টা যবগনিউ ব্যরিজেস্কি রচিত আমেরিকান ইলেক্ট্রোনিক্যাল এজ নামক গ্রন্থে সর্বপ্রথম গ্লোবালাইজেশন শব্দের উৎপত্তি। জাপানি গবেষক কেনিশি আওহানির মতে, ভৌগোলিক সীমানাবিহীন বিশ্বই বিশ্বায়ন, যেখানে প্রযুক্তির অকল্পনীয় উকর্ষের কল্যাণে অর্থনৈতিক ও বাণিজ্যিক তৎপরতায় ভৌগোলিক সীমান্ত বাধা হয়ে দাঁড়াবে না। গবেষক জন টম লিনসন বলেন, বিশ্বের সর্বত্র বিভিন্ন জাতি, সংস্কৃতি, সমাজ ও প্রতিষ্ঠানের দ্রুত বিনিময়ে উন্নয়নই 'বিশ্বায়ন'। এক কথায় সব ধনী-দরিদ্র রাষ্ট্রের মধ্যে অর্থনৈতিক লেনদেনের বিস্তৃতির ক্ষেত্রে সীমানার প্রতিবন্ধকতা অতিক্রম করা হলো 'বিশ্বায়ন'। যার ফলে প্রত্যেক রাষ্ট্র অন্যের বাজারে সহজে ও অবাধে প্রবেশ করতে পারে। মার্কিন গবেষক ফরিড ম্যান মনে করেন, আমেরিকানাইজেশন অব দ্য ওয়ার্ল্ড ইস গ্লোবালাইজেশন।

● ইতিবাচক দিক

বিশ্বায়ন প্রক্রিয়ার অগ্রগতি, বিভিন্ন জাতিগোষ্ঠী ও রাষ্ট্রের মধ্যে পারস্পরিক সমঝোতা, গঠনমূলক সংলাপ, সাংস্কৃতিক লেনদেন, উৎপাদিত পণ্যের নতুন বাজার সৃষ্টি, সন্ত্রাস নির্মূল ও সামাজিক নিরাপত্তার দিগন্তকে বিস্তৃত করেছে। নতুন বিশ্ব ব্যবস্থাপনায় 'আইনের শাসন', 'মানবাধিকার', 'সমতা', 'আন্তর্জাতিক আইনের নিয়ম-কানুন', 'সেক্যুলারিজম', 'গণতন্ত্র' প্রভৃতির ধারণা ও প্রয়োগ বিভিন্ন দেশ এবং সমাজে ব্যাপক প্রভাব বিস্তার করেছে। মানুষের চিন্তা-চেতনা ও মননকে বিশ্বায়ন প্রবলভাবে নাড়া দিয়েছে। বিশ্বায়ন অভিযানের নেতৃত্বদানকারী দেশগুলো উন্নয়নশীল দেশের শ্রমিকদের অধিকার সংরক্ষণ, পরিবেশ প্রতিবেশের ভারসাম্য রক্ষা, রাষ্ট্রীয় স্বাধীনতার হেফাজত, স্বাস্থ্যপরিচর্যা প্রভৃতি বিষয়ে নজরদারি করে থাকে আর্থিক সহায়তা, কারিগরি সাহায্য ও বিশেষজ্ঞ সরবরাহের মাধ্যমে। বিশ্বায়নের লক্ষ্য হচ্ছে দরিদ্র ও উন্নয়নশীল দেশের রাষ্ট্রীয় নীতি ও অর্থনীতির নিয়ন্ত্রণ এবং পুঁজির অবাধ প্রবাহে সহযোগিতা প্রদান, যাতে দারিদ্র্য দূরীকরণ সহজতর হয়।

● নেতিবাচক দিক

বিশ্বায়ন 'বাজার অর্থনীতি'র গতি অবাধ ও মুক্ত করেছে। ফলে বহুজাতিক কোম্পানিগুলোর পরিধি ও কর্মক্ষেত্র অকল্পনীয়ভাবে বিস্তৃতি লাভ করেছে।

প্রযুক্তির উন্নত সুবিধার ফলে বহুজাতিক কোম্পানিগুলোর পুঁজিবিনিয়োগ, কাঁচামাল সংগ্রহ, পণ্যদ্রব্য উৎপাদন ও বৈশ্বিক বিপণন প্রক্রিয়ার সামনে তৃতীয় বিশ্বের কোম্পানিগুলোর সামনে দাঁড়ানো অসম্ভব হয়ে পড়েছে। এ অসম প্রতিযোগিতায় তৃতীয় বিশ্বের শিল্প ও বাণিজ্য ব্যাপকভাবে চ্যালেঞ্জের সম্মুখীন। জাপান, জার্মান, ফ্রান্স, ব্রিটেন, ইতালি ও কানাডার মালিকানাধীন প্রায় তিন হাজার কোম্পানির উৎপাদিত পণ্য উন্নত ও তুলনামূলক সস্তা হওয়ায় সাধারণ ভোক্তা এসব পণ্যের প্রতি ঝুঁকে পড়ে। এতে দেশীয় পণ্য মার খায়, স্থানীয় পুঁজিবিনিয়োগ বাধাগ্রস্ত হয়ে পড়ে। ফলে স্বাভাবিক পথে দরিদ্র দেশের শিল্প-কারখানায় লালবাতি জ্বলে। এ ছাড়া বহুজাতিক কোম্পানিগুলো তৃতীয় বিশ্বে পুঁজি বিনিয়োগে অত্যন্ত আগ্রহী। কারণ, সেখানে সস্তায় শ্রম পাওয়া যায়। বহুজাতিক কোম্পানিগুলোর পুঁজি সারা বিশ্বে ঘুরে বেড়ায়। অথচ তৃতীয় বিশ্বের 'শ্রম' তা পারে না। অনেক সময় লক্ষ করা যায়, বহুজাতিক কোম্পানিগুলো হয়ে পড়ে গরিব দেশের আর্থ-রাজনীতির নেপথ্য শক্তি। আরো লক্ষণীয় যে, আইএমএফ এবং বিশ্বব্যাংক দরিদ্র ও উন্নয়নশীল দেশের ওপর তাদের প্রণীত নীতি চাপিয়ে দিয়ে বাজার অর্থনীতির প্রক্রিয়া মেনে নিতে বাধ্য করে। আইএমএফ ও বিশ্বব্যাংকের চাপে ভারী শিল্প বেসরকারি মালিকানায় ছেড়ে দিতে, গোল্ডেন হ্যান্ডশেকের মাধ্যমে শ্রমিক ছাঁটাই করতে ও নিত্যব্যবহার্য পণ্যসামগ্রীর মূল্যবৃদ্ধি করতে বিভিন্ন রাষ্ট্র বাধ্য হয়। তাদের প্রদত্ত ব্যবস্থাপত্র অন্যরা না মেনে পারে না। এতে দরিদ্র দেশে বাণিজ্য ঘাটতি দেখা দেয়।

বিশ্বায়ন প্রক্রিয়ায় মূল চালিকাশক্তি হলো পুঁজি। পুঁজির প্রবাহ এত অপ্রতিরোধ্য যে, রাষ্ট্রীয় ভূমিকা সেখানে অসহায় নীরব দর্শকের। পুঁজি বিনিয়োগ করে যেভাবে হোক অধিক মুনাফা অর্জন করা হলো বহুজাতিক কোম্পানিগুলোর লক্ষ্য। এতে যদি বিনিয়োগকৃত দেশের চাহিদা না মেটে অথবা সে দেশের লোক ভিক্ষুকে পরিণত হয় তাতে কিছু যায় আসে না। এটি বিশ্বায়নের নিষ্ঠুর, অনৈতিক ও অমানবিক দিক। বিশ্বের অন্যতম পুঁজি সম্রাট জর্জ সোর্স, যাকে রাশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ার রাষ্ট্রগুলো তাদের অর্থনৈতিক সঙ্কট সৃষ্টির খলনায়ক হিসেবে চিহ্নিত করেছে তিনি তার প্রকাশিত এক গ্রন্থে যে মন্তব্য করেছেন, তা এখানে প্রণিধানযোগ্য- 'অচিরে উন্নয়নশীল রাষ্ট্রগুলোর নেতৃত্বে পুঁজিবাদের বিরুদ্ধে সামাজিক অভ্যুত্থান সৃষ্টি হতে পারে, ফলে পুঁজিবাদের ভিত ধসে পড়ার আশঙ্কা রয়েছে পুরো মাত্রায়।'

একটি ইংরেজি জার্নালের প্রাক্তন সম্পাদক বিশ্বায়নের নেতিবাচক দিকের ওপর আলোকপাত করতে গিয়ে বলেছেন- 'মনে হচ্ছে প্রাক্তণ ঔপনিবেশিক শক্তির পরিকল্পনা রয়েছে তৃতীয় বিশ্বের দেশগুলোকে আরো সূক্ষ্মভাবে পুনঃঔপনিবেশিক করার। তাই তারা তৃতীয় বিশ্বের দেশগুলোর মন জয়ের ভিন্ন কৌশল নিয়েছে। বিশ্বায়নের মাধ্যমে সীমানাহীন বিশ্বে সাংস্কৃতিক আগ্রাসন এবং অর্থনৈতিক উপনিবেশকরণ ঘটে। এর মাধ্যমে তৃতীয় বিশ্বে দারিদ্র্য গাণিতিকভাবে বাড়ে। কখনো কখনো জ্যামিতিকভাবে বেড়ে যায়।' নতুন এ বৈশ্বিক চিন্তার পথপরিক্রমায় বিশ্বায়ন একটি অবধারিত বাস্তবতা। এ বাস্তবতা থেকে উদ্ভূত চ্যালেঞ্জ মোকাবিলায় তৃতীয় বিশ্বের রাষ্ট্রগুলোর সম্মিলিত প্রয়াস নিয়ে এগিয়ে আসতে হবে। 'স্থির ও সুদৃঢ় শিক্ষার ভিত্তি' হবে বিশ্বায়নের আধিপত্যের মোকাবিলায় একমাত্র হাতিয়ার। সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে শক্তিশালী ব্লক প্রতিষ্ঠার মাধ্যমে কার্যকর বৈজ্ঞানিক প্রযুক্তিগত শিক্ষা ও চর্চা, বিভিন্ন সভ্যতা ও সংস্কৃতির মধ্যে সংলাপ, পারস্পরিক বোঝাপড়া, শান্তিপূর্ণ সহাবস্থান হচ্ছে আমাদের মতো উন্নয়নশীল দেশের মানুষের জন্য বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর সমাধান। নোবেল বিজয়ী ড. মহম্মদ ইউনূস যথার্থই বলেছেন- 'বুদ্ধির বাজারে আমাদের নিজেদের আকর্ষণীয় করে তুলতে হবে। আমাদের শিক্ষাব্যবস্থাকে তার জন্য উপযুক্ত করে গড়ে তুলতে হবে। শিক্ষাব্যবস্থাকে এমন হতে হবে, যেটি শিক্ষার্থীকে নিজের বুদ্ধি শাণিত করার সুযোগ দেবে বিশ্বের জ্ঞানের সাথে তাকে সংযুক্ত করে দেবে এবং রসাস্বাদনের উপযুক্ত করে দেবে। কল্পনাশক্তিকে পাখা মেলে বিচরণ করার সুযোগ দেবে-তথ্যপ্রযুক্তির মাধ্যমে বিশ্বের যেকোনো স্থানে যেকোনো বিষয়ে তাৎক্ষণিক আদান-প্রদানের আয়োজন করে দেবে।' আমাদের সম্ভাবনাময় জনসংখ্যাকে বুদ্ধি, শিক্ষা ও প্রযুক্তি চর্চার মাধ্যমে যদি মানবসম্পদ রূপে গড়ে তুলতে পারি, আন্তর্জাতিক প্রযুক্তির জগতে গৌরবোজ্জ্বল অবদান রাখতে সক্ষম হবো। বিশ্বায়নের বিরোধিতা নয় বরং নতুন বিশ্বব্যবস্থায় নিজেকে খাপ খাইয়ে নিতে হবে আমাদের বুদ্ধি, মননশীলতা ও শিক্ষার মাধ্যমে। জ্ঞান, বুদ্ধি ও কৌশল আমাদের বিশ্বায়নের চালেঞ্জ মোকাবিলায় সাহসী সৈনিকরূপে প্রেরণা জোগাবে। চিনের বৃহত্তর জনগোষ্ঠী যেভাবে হার্ডওয়্যার ও ভারতের বিপুল জনগোষ্ঠী যেভাবে সফটওয়্যার উৎপাদন করে বিশ্বে নিজেদের আসন গড়ে তুলেছে, আমরাও তা থেকে শিক্ষা নিতে পারি।

তাজা বোমা উদ্ধার

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২১ সেপ্টেম্বর ঃ পঞ্চায়েত নির্বাচন শেষ হওয়া এক মাসের বেশি হয়ে গেলেও মুর্শিদাবাদের সামশেরগঞ্জ থানা এলাকা থেকে বোমা উদ্ধারের কোনও বিরাম নেই। এবারের পঞ্চায়েত নির্বাচনের সময় সামশেরগঞ্জ থানার বিভিন্ন গ্রাম থেকে প্রচুর বোমা উদ্ধার করেছিল পুলিশ। এরই মধ্যে বৃহস্পতিবার সকালে ফের সামশেরগঞ্জ থেকে প্রচুর সুতলি বোমা উদ্ধার হল। গোপন সূত্রে খবর পেয়ে আজ সকালে দোগাছি নপাড়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত হাসিপুর গ্রাম থেকে দু'বালতি বোমা উদ্ধার করে পুলিশ। উদ্ধার হওয়া বোমাগুলি নিষ্ক্রিয় করার জন্য বম্ব ডিসপোজাল ইউনিটকে খবর দেওয়া হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকালে হাজিপুর গ্রামে একটি ঝোপে দুটি বালতির মধ্যে পরিত্যক্ত অবস্থায় কিছু বোমা দেখতে পান গ্রামবাসীরা। এরপর দ্রুত সামশেরগঞ্জ থানায় খবর দেওয়া হয়। পুলিশ এসে জায়গাটি ঘিরে দেয়। গ্রামবাসীদের অনুমান দুটি প্লাস্টিকের বালতিতে ১০টি বোমা ছিল। কে বা কারা ওই বোমাগুলো এলাকাতে রেখে গেল তা তদন্ত করে দেখছে পুলিশ। জেলা পুলিশের এক কর্তা জানান, গত কয়েকদিন ধরে সামশেরগঞ্জ থানার বিভিন্ন গ্রামে বেআইনি আগ্নেয়াস্ত্র ও বোমা উদ্ধারের জন্য বিশেষ তল্লাশি অভিযান চলছে। পুলিশি অভিযানের ভয়ে কোনও দুষ্কৃতী দল বোমাগুলো ফেলে গেছে বলে পুলিশের অনুমান।

দেদার বোমাবাজি

দুরন্ত বার্তা, কাঁথি, ২১ সেপ্টেম্বর ঃ খেজুরিতে গভীর রাতে ব্যাপক বোমাবাজি। বাড়িঘর ভাঙচুর। আহত ৪ তৃণমূল কংগ্রেস কর্মী। অভিযোগ, বুধবার খেজুরি ২ পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতিতে বিজেপি জয়লাভ করে। আর তারপরই এমন তাণ্ডব চালায় বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা। অভিযোগ অস্বীকার করেছে বিজেপি। বুধবার পূর্ব মেদিনীপুর জেলা শাসকের দফতরে খেজুরি ২ ব্লকের স্থায়ী সমিতি নির্বাচনের পর থেকে বিজেপির কর্মী-সমর্থকরা খেজুরির বিভিন্ন এলাকায় উচ্ছ্বাসে মেতে উঠে। এরপরই দক্ষিণ বোগায় বোমাবাজি ঘিরে চাঞ্চল্য ছড়ায়। রাতভর খেজুরির বিভিন্ন জায়গায় ভাঙচুর, মারধর, বোমাবাজি হয় বলে অভিযোগ। তৃণমূলের অভিযোগ, বিজেপি স্থায়ী সমিতি গঠন করায় তৃণমূল কর্মী-সমর্থকদের বাড়ি ভাঙচুর, তৃণমূল কর্মীদের মারধর করে বিজেপি দুষ্কৃতীরা। এলাকায় বোমাবাজি করে বিজেপি। এলাকায় সন্ত্রাস করছে। খেজুরি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলেও এলাকায় যথেষ্ট উত্তেজনা রয়েছে।

কালী মন্দিরে চুরি

দুরন্ত বার্তা, চালসা, ২১ সেপ্টেম্বর ঃ জলপাইগুড়ির চালসার ঐতিহ্যবাহী মা আনন্দময়ী কালীবাড়ি মন্দিরে দুঃসাহসিক চুরি। বৃহস্পতিবার সকালে মন্দিরের পুরোহিত গেট খোলার জন্য আসতেই চুরির বিষয়টি জানতে পারেন। মন্দিরের লোহার গ্রিলের গেটের তালা ভেঙে কালী মায়ের মূর্তির সোনার গয়না সহ দান বাক্স খুলে টাকা পয়সা নিয়ে চম্পট দিয়েছে দুষ্কৃতীরা। খবর দেওয়া হয় মন্দির কমিটির কর্মকর্তাদের। তাঁরাও খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান। পরবর্তীতে মেটেলি থানার পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ এসে ঘটনা তদন্ত করে। মা আনন্দময়ী কালীবাড়ির সম্পাদক বিমলেন্দু সিংহ রায় বলেন, ঘটনায় আমরা সকলেই বিস্মিত। মায়ের সোনা গয়না সহ দান বাক্স খুলে টাকা পয়সাও নিয়ে গেছে দুষ্কৃতীরা। প্রায় লক্ষাধিক টাকার সোনা ও রুপোর গয়না ছিল মায়ের মূর্তিতে।

মালদা জেলা পরিষদে কর্মাধ্যক্ষদের দায়িত্ব বন্টন প্রশাসনের তরফ থেকে

দুরন্ত বার্তা, মালদা, ২১ সেপ্টেম্বর ঃ তৃণমূল পরিচালিত মালদা জেলা পরিষদের স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ পদে নয় জন নির্বাচিত সদস্যকে দায়িত্ব বন্টন করা হলো। বৃহস্পতিবার দুপুরে মালদা জেলা পরিষদের কনফারেন্স রুমে সভাধিপতি লিপিকা বর্মন ঘোষের উপস্থিতিতে নির্বাচিত নয়জন সদস্যকে এই দায়িত্বভার বুঝিয়ে দেওয়া হয়। সেখানে উপস্থিত হয়েছিলেন তৃণমূলের জেলা সভাপতি তথা বিধায়ক আব্দুর রহিম বক্সী, দলের জেলার চেয়ারম্যান তথা বিধায়ক সমর মুখার্জি, ইংরেজবাজার পুরসভার কাউন্সিলর তথা দলের জেলার সহ-সভাপতি বাবলা সরকার সহ তৃণমূলের নির্বাচিত ৩৪ জন সদস্যরা। এই সভার মাধ্যমেই সভাধিপতি একে একে নয় জন নির্বাচিত সদস্যদের নামে তালিকা ঘোষণা করেন এবং তাঁদের নির্দিষ্ট কর্মাধ্যক্ষের পদ বুঝিয়ে দেওয়া হয়। মালদা জেলা পরিষদ সূত্রে জানা গিয়েছে, মালদা জেলা পরিষদের অধীনস্থ বিভিন্ন দপ্তরের দায়িত্ব যারা পেয়েছেন তাদের নাম আব্দুর রহমান, রেজিনা মুর্মু, রীতা সিংহ, ফজলুল হক, পূর্ণিমা বারুই দাস, রেজাউল করিম বক্সী, কবিতা মণ্ডল, মহম্মদ ফিরোজ শেখ এবং রবিউল ইসলাম। উল্লেখ্য, এবারে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ৪৩ আসন বিশিষ্ট মালদা জেলা পরিষদের ৩৪টি আসন দখল করে তৃণমূল। বাকি পাঁচটি আসন দখল করে কংগ্রেস এবং বিজেপি পায় চারটি আসন। কার্যত একক সংখ্যাগরিষ্ঠতায় তৃণমূল জেলা পরিষদের বোর্ড আগেই গঠন করেছে। সভাধিপতি হয়েছেন লিপিকা বর্মন ঘোষ এবং সহকারি সভাধিপতি হয়েছেন রফিকুল হোসেন। এরপরই স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষদের নাম ঘোষণা করা হয়েছিল। এদিন সেই নয়জন তৃণমূলের নির্বাচিত সদস্যকে তাদের দায়িত্ব বন্টন করা হয়। মালদা জেলা পরিষদের সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ জানিয়েছেন, বিভিন্ন দপ্তরের নির্বাচিত নয়জন সদস্যকে তাদের দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়েছে। জেলা পরিষদের মূলত গ্রামীণ এলাকায় সার্বিক উন্নয়নের কাজ হয়ে থাকে। ফলে কর্মাধ্যক্ষের দায়িত্ব পাওয়া নবীন এবং প্রবীণ নির্বাচিত সদস্যরা একজোট হয়ে খুব ভালোভাবে কাজ করবে বলে আশা রাখি। তৃণমূলের জেলা সভাপতি তথা বিধায়ক আব্দুর রহিম বক্সী বলেন, কর্মাধ্যক্ষ গঠনের ক্ষেত্রে বিরোধীদের একটা ষড়যন্ত্র প্রথম থেকে চক্রান্তমূলক কাজ করার চেষ্টা চালাচ্ছিল। তাদের সেই আশায় জল ঢেলে দেওয়া হয়েছে। আমাদের দলের মধ্যে কোনরকম কোন্দল নেই। এদিন সুষ্ঠুভাবে স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষের নয়জন নির্বাচিত সদস্যকে দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়েছে।

পূর্বস্থলী থেকে প্রতিমা আমেরিকায়

রাজ কুমার ঘোষ, কালনা, ২১ সেপ্টেম্বর ঃ পূর্বস্থলীর জাহাননগর পঞ্চায়েতের মাগনপুর এলাকার প্রত্যন্ত গ্রামের শিল্পীর শিল্প নৈপুন্যের ছোঁয়ায় কাঠ ও ফাইবার দিয়ে তৈরি দুর্গা প্রতিমা পাড়ি দিচ্ছে সুদূর আমেরিকায়। আমেরিকার লুশিয়ানা রাজ্যের ইলিনুইজ স্ট্রিটে প্রবাসী বাঙালি অনিমেষ রায়ের পারিবারিক পুজো উপলক্ষে তা পাড়ি দেবে। মাগনপুর এলাকার বাসিন্দা তাপস দে'র বন্ধু স্বরূপগঞ্জের বাসিন্দা অনিমেষ রায় তার পরিবারসহ আমেরিকায় বসবাস করেন। গত দু'মাস আগে অনিমেষ বাবু তার বাড়িতে দুর্গাপুজো করবেন এই মনস্থির করে তাপস বাবুকে এই এলাকা থেকে একটি ঠাকুর পাঠানোর জন্য বলেন। আর তখনই তাপস বাবুর মাধ্যমে মাগনপুরের বছর ২৪-এর শিল্পী শঙ্কু দেবনাথের সাথে যোগাযোগ হওয়ার পরই প্রতিমা তৈরি করতে শুরু করেন শঙ্কু। ইতিমধ্যেই ওই শিল্পীর কাজ প্রায় ৯০ শতাংশ শেষ। ছোটবেলা থেকেই মডেল তৈরির ওপর ঝোঁক ছিল শঙ্কুর। সেই মত উচ্চমাধ্যমিক পড়া শেষ করার পরই কৃষ্ণনগরের বিখ্যাত ঘূর্ণির শিল্পীদের থেকে ট্রেনিং নেন তিনি। এর আগেও বিভিন্ন মনীষীদের মূর্তি বানিয়েছেন শঙ্কু, আর এর পরই সুদুর আমিরিকা থেকে দুর্গা তৈরীর বরাত পাওয়ায় উচ্ছ্বসিত তিনি এবং তার পরিবারের লোকেরা। প্রতিদিন সাত থেকে আট ঘণ্টা পরিশ্রম করে মূর্তি তৈরির কাজ করছেন। তাকে সঙ্গ দিচ্ছে তার বাবা মদন দেবনাথ এবং একজন সহকারীও। শঙ্কুর কথায়, দুর্গা প্রতিমার মাথায় যে চুল লাগানো হবে সেটিকে শ্যাম্পু দিয়ে ধোওয়া যাবে। স্বভাবতই প্রত্যন্ত গ্রামের যুবক শঙ্কুর প্রতিমা আমেরিকায় পাড়ি দেওয়ায় খুশি গ্রামের মানুষজন।

যানজট মুক্ত করতে প্রশাসনিক বৈঠক

দুরন্ত বার্তা, বীরভূম, ২১ সেপ্টেম্বর ঃ বর্তমানে রামপুরহাট শহরকে যানজটমুক্ত করতে বৃহস্পতিবার রামপুরহাট মহকুমা প্রশাসনিক ভবনে অঞ্চল ভিত্তিক আলোচনা সভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন মহকুমা শাসক, মহকুমা পুলিশ আধিকারিক এবং রামপুরহাট পৌরসভার পৌরপতি সৌমেন ভকত। রামপুরহাট শহরকে যানজট মুক্ত করার জন্য ওয়ান-ওয়ে রাস্তার ব্যবস্থার পাশাপাশি জোড়-বিজোড় পদ্ধতি চালু আছে। রামপুরহাট পৌরসভায় রেজিস্ট্রেশনকৃত টোটোর সংখ্যা ২০০ ছাড়িয়েছে। অঞ্চল ভিত্তিক প্রধান-উপপ্রধানদের কাছে জানতে চাওয়া হয়েছে তাদের অঞ্চলে কতগুলি টোটো আছে। সেই টোটোর লিস্ট তৈরি করে ৩০ সেপ্টেম্বরের মধ্যে রামপুরহাট পৌরসভায় জমা করতে হবে। রামপুরহাট এলাকায় কতগুলি টোটো চলবে সেই হিসেব করে বিভিন্ন অঞ্চলের কিছু কিছু টোটোকে রামপুরহাট শহরে অনুমতি দেওয়া হবে। সেটা আগামী মিটিংয়ে আলোচনা করে জানানো হবে। প্রধান লক্ষ্য রামপুরহাটকে যানজট মুক্ত করা। পৌর প্রশাসন ও পুলিশ-প্রশাসনের পক্ষ থেকে রামপুরহাটে কোনো টোটো স্ট্যান্ড রাখা যাবে না। এক ব্যক্তির নামে একটি টোটো রেজিস্ট্রেশন হবে, যদি কোনো ব্যক্তি একাধিক টোটো কিনে হাত ভাড়া দিয়ে টাকার বিনিময়ে টোটো চালায় এবং প্রশাসনের কাছে খবর আসে তবে সেই টোটো চালক, টোটো ও টোটো মালিকের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহন করা হবে।

ঋণশোধের চাপ সহ্য করতে না পেরে আত্মঘাতী

দুরন্ত বার্তা, বর্ধমান, ২১ সেপ্টেম্বর ঃ বেসরকারি ক্ষুদ্র ঋণ সংস্থার টাকা শোধ দেওয়ার চাপ সামলাতে না পেরে আত্মঘাতী স্বামী-স্ত্রী। ঘটনাটি ঘটেছে পূর্ব বর্ধমানের শক্তিগড় থানার দক্ষিণ গোপালপুর গ্রামে। মৃতদের নাম হেমন্ত মালিক(৫৬) ও রেখা মালিক (৫৩)। মৃতার বড় ছেলে সনাতন মালিক জানিয়েছেন, আজ সকালে কাজের জন্য বাবাকে ডাকতে গিয়ে দেখি ঘরের ছাদ থেকে ঝুলন্ত অবস্থায় বাবা ও মা। সঙ্গে সঙ্গে প্রতিবেশীদের খবর দেওয়া হয়। তাঁদের ধারণা ঋণ শোধ করার চাপ সামলাতে না পেরেই যুগলের এহেন চরম সিদ্ধান্ত। তিনি আরও বলেন, তাঁর ভাই রমেশ মালিক মায়ের নামে ক্ষুদ্র ঋণদানকারী সংস্থার থেকে ঋণ নিয়েছিল। এরপরই ঋণ শোধ দেওয়ার চাপে ছেলে-মেয়েদের নিয়ে বাড়ি থেকে উধাও হয়ে যায়। এদিকে ঋণদানকারী সংস্থার প্রতিনিধিরা বারবার চাপ দিতে থাকেন রেখা মালিককে। তাদের চাপে দুদিন আগে বাপের বাড়ি জামদহে চলে যান রেখা। রেখার ভাই রামু দলুই ও ভাইপো বিশ্বজিৎ দলুইয়ের অভিযোগ, সংস্থার আধিকারিকরা সেখানেও হানা দেন। তিনি একমাস সময় চাইলেও তা দিতে রাজি হননি তাঁরা। এমনকি তাঁরা ভয় দেখিয়ে তাঁকে গোপালপুর চলে আসতে বাধ্য করেন। বড় ছেলে সনাতন মালিক পরিবার নিয়ে আলাদা থাকেন। বুধবার সারাদিন মনমরা হয়ে ঘরেই ছিলেন স্বামী-স্ত্রী। ছেলে তাঁদের ভাত দিয়ে গেলেও দু'বেলাই তা খাননি তাঁরা। রাতে শুধুমাত্র একটু চা খান তারা। সকালে উঠে এই ঘটনা দেখে হতবাক ছেলে। এই মর্মান্তিক ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে গ্রামে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। পুলিশ ঘটনাটির তদন্ত শুরু করেছে। জেলাশাসক পূর্ণেন্দু মাঝি জানান তিনি বিষয়টি পুলিশকে দেখতে বলবেন। রিপোর্ট আসার পর যা করার করবেন।

পরিযায়ী শ্রমিকের মৃত্যু হল পুনেতে

এজাজ আহম্মেদ, বড়ঞা, ২১ সেপ্টেম্বর ঃ কাজে গিয়ে লাশ হয়ে বাড়ি ফিরলেন পরিযায়ী শ্রমিক। আবারও এক মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের মৃত্যু মৃত্যু হল মহারাষ্ট্রের পুনেতে। মুর্শিদাবাদ থেকে হাজারে হাজারে পরিযায়ী শ্রমিক দেশে-বিদেশে ছড়িয়ে আছে। অভাবের তাড়নায় কাজ করতে গিয়ে অনেকে ফিরছে লাশ হয়ে। জানা গিয়েছে মুর্শিদাবাদের বড়ঞা থানার অন্তর্গত কুলি গ্রামের বাসিন্দা আজমির মির্জা তিন বছর আগে মহারাষ্ট্রর পুনেতে মুরগি কাটার দোকানে কাজ করতে যান। অভাবের সংসারের হাল ফেরাতে মির্জা দীর্ঘদিন বাড়ি আসেনি। পরিবার সূত্রে জানা গিয়েছে বুধবার রাত্রি ৭ টা নাগাদ মহারাষ্ট্রের পুনে থেকে ফোন আসে মৃত্যু সংবাদের। কাজ করার সময় স্ট্রোক হয়ে মৃত্যু হয় আজমির মির্জার (২৪)। আজমির মির্জার মৃত্যুর খবর শুনে পরিবারের লোকজন হতাশ। কীভাবে সংসার চলবে চিন্তার ভাঁজ পরিবারের লোকজনের। বৃহস্পতিবার দুপুরে আজমির মির্জার মৃতদেহ বাড়ি ফিরতেই গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। বিকেলে মৃত আজমির মির্জার শেষকৃত্য সম্পূর্ণ হয়েছে। পিতা আকজার মির্জা বলেন, আমার সংসার চালানোর একমাত্র ভরসা ছিল। সামনে মাসেই বিয়ে দেওয়ার কথা চলছিল। ছেলের স্বপ্নও পূরণ করতে পারলাম না।

প্রধান খুনের কারন ঘিরে ধন্দে পুলিশ

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২১ সেপ্টেম্বর ঃ উত্তর দিনাজপুরের পাঞ্জিপাড়ায় শুটআউটের ঘটনায় ধরপাকড় শুরু করেছে পুলিশ। তৃণমূল পঞ্চায়েত প্রধান খুনে 'সঙ্গী' কংগ্রেস নেতাকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। দুষ্কৃতীদের বিহার যোগের সম্ভাবনা রয়েছে। এই মুহূর্তে খুনের মোটিভ ও ক্লু-এর সন্ধানে পুলিশ। ওদিকে এদিন সকালেই কলকাতা থেকে পাঞ্জিপাড়া পৌঁছান রাজ্যের মন্ত্রী গোলাম রব্বানি। পাঞ্জিপাড়ায় তৃণমূল প্রধানকে শুটআউটের ঘটনার তদন্ত নিয়ে এখনও মুখ খোলেনি পুলিশ। তবে পুলিশ সূত্রে জানা গিয়েছে প্রধানের উপর হামলার সময় তাঁর বাইকেই ছিলেন কংগ্রেসের গ্রাম পঞ্চায়েত সদস্য মহাম্মদ মুস্তাফা। তাঁকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। পাশাপাশি এদিন সকালে কলকাতা থেকে পাঞ্জিপাড়া পৌঁছে মন্ত্রী গোলাম রব্বানি মৃত প্রধান মহাম্মদ রাহীর বাড়িতে যান। পরিবারকে সমবেদনা জানান তিনি। তবে এখনও মহম্মদ রাহীকে খুনের কোনও কারণ খুজে পাচ্ছে না কেউই। কী হতে পারে খুনের মোটিভ? ধন্দে পুলিশ। মন্ত্রী গোলাম রব্বানি জানিয়েছেন, ২৪ ঘণ্টার মধ্যে দুস্কৃতীদের ধরতে বলা হয়েছে ডিআইজি ও এসপিকে। স্থানীয় সূত্রে খবর, এলাকায় একটি বাজার বসানোকে কেন্দ্র করে একটি গোষ্ঠীর সঙ্গে দীর্ঘদিন ধরেই গোলমাল চলছিল। কেউ কেউ মনে করছেন ওই গোলমালের জেরেই হামলা হয়ে থাকতে পারে প্রধানের উপর। বুধবার দিনেদপুরে ৩১ নম্বর জাতীয় সড়কের উপরে শুটআউটের ঘটনা ঘটে পাঞ্জিপাড়ায়। প্রকাশ্য রাস্তায় পঞ্চায়েত প্রধানকে ঘিরে ধরে গুলি চালায় দুষ্কৃতীরা। গুলি চালিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা। পাশেই পঞ্চায়েত অফিস। গুলিবিদ্ধ, গুরুতর জখম উত্তর দিনাজপুরের পাঞ্জিপাড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান মহম্মদ রাহীকে প্রথমে কিষাণগঞ্জ মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়। সেখানে তাঁর অবস্থার অবনতি হলে তাঁকে শিলিগুড়ির একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি করা হয়। সেখানেই তাঁর মৃত্যু হয়। প্রাথমিকভাবে জানা যায়, ঘটনার সময় প্রধান তাঁর পঞ্চায়েত অফিস থেকে বের হয়ে বাড়ি দিকে যাচ্ছিলেন। ৩১ নম্বর জাতীয় সড়কে উঠতেই তাঁকে ঘিরে ধরে গাড়ি চড়ে আসা দুষ্কৃতীরা। মহম্মদ রাহীকে লক্ষ্য করে ২ রাউন্ড গুলি চালায় দুষ্কৃতীরা। দুটি গুলিই লাগে রাহীর গায়ে। রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন তিনি। নিহত তৃণমূল গ্রাম পঞ্চায়েত প্রধান মহম্মদ রাহীর মৃতদেহ বৃহস্পতিবার বিকেলে তার বাড়িতে পৌঁছায়। মৃতদেহ গ্রামে পৌঁছানোর খবর পাওয়া মাত্রই তাঁর বাড়িতে ও আশেপাশের গোটা গ্রাম তাঁকে শেষ শ্রদ্ধা জানাতে জড়ো হয়।

মন্দারমণিতে তরুণীর দেহ উদ্ধারের ঘটনায় গ্রেফতার প্রেমিক-সহ ২

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ২১ সেপ্টেম্বর ঃ প্রেমের সম্পর্ক থাকলেও বিয়েতে আপত্তি। বিয়ের জন্য চাপ দেওয়ায় খুন করা হয় তরুণীকে। মন্দারমণির চাঁদপুরে তরুণীর দেহ উদ্ধারের ঘটনায় বিস্ফোরক তথ্য পেল পুলিশ। এই ঘটনায় বুধবার দমদম থেকে দু'জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের বৃহস্পতিবার কাঁথি মহকুমা আদালতে তোলা হয়। সূত্রের খবর, নিহতের নাম লাবণী দাস। নদীয়ার তাহেরপুরের বাসিন্দা। তৃতীয় বর্ষের ছাত্রী ছিলেন। তাঁর দিদির বিয়ে হয় বারাকপুরে। দিদির বিয়ের পরই তাঁর দেওর প্রলয় দাসের সঙ্গে প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়েন লাবণী। পরে প্রলয় কলকাতায় ক্যাব চালানোর কাজে যোগ দেয়। দমদমে একটি ঘরভাড়া নিয়ে থাকতে শুরু করে। এদিকে, লাবণী প্রতি শুক্রবার বিউটি পার্লারের কাজ শিখতে যাওয়ার নাম করে দমদমে প্রলয়ের ভাড়া বাড়িতে যাতায়াত করতেন। প্রলয় ফের একটি প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়ে। তার আঁচও পান লাবণী। বিয়ে করার জন্য প্রলয়কে চাপ দিতে শুরু করেন লাবণী। তা নিয়ে দুইজনের মধ্যে ঝগড়াঝাটি শুরু হয়। তাই লাবণীকে মন্দারমণি নিয়ে যায় প্রলয়। সেখানে শ্বাসরোধ করে খুন করা হয় তাঁকে। প্রমাণ লোপাটের জন্য চাঁদপুর মেরিন ড্রাইভের পাশে বোল্ডারের উপর দেহ ফেলে দেওয়া হয়। প্রলয়কে এই কাজে সাহায্য করে তার বন্ধু মনোজ গোস্বামী। তাকেও গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, প্রলয়ের আর এক বন্ধু তাপস জানা মন্দারমণি উপকূল লাগোয়া এলাকার বাসিন্দা। সেও পেশায় ক্যাবচালক। তারই বুদ্ধিতেই খুনের পর সমুদ্রের পাড়ে দেহ ফেলার পরিকল্পনা করে প্রলয়। এই ঘটনার পর থেকে ফেরার তাপস। তার খোঁজ শুরু করেছে পুলিশ। ডিএসপি ডিএনটি রবীন্দ্রনাথ বিশ্বাস বলেন, খুনের ঘটনায় দুইজনকে দমদম থেকে গ্রেফতার করা হয়েছে। তাদের হেফাজতে নিয়ে জেরা করলে বিস্তারিত তথ্য সামনে আসবে।

উত্তর পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার, মেকানিক্যাল ওয়ার্কশপ, উত্তর পূর্ব রেলওয়ে, গোরক্ষপুর আহ্বান করছেন ''ওপেন'' ই-টেন্ডার অনলাইন মাধ্যমে (ই-টেন্ডারিং) নিম্নলিখিত কাজের জন্য ঃ

টেন্ডার নোটিস নং. ঃ ইএল-এমডব্লুএস-জিকেপি-২০২৩-২৪-০৯, টেন্ডার নং. ও কাজের বিবরণ ঃ ইএল-এমডব্লুএস-জিকেপি-২০২৩-২৪-০৯ ইয়ার্ড এবং শপের অন্যান্য স্থানে আলোর বন্দোবস্ত এবং অন্যান্য বৈদ্যুতিন কাজ (এলডব্লুপি) মেকানিক্যাল ওয়ার্কশপ, গোরক্ষপুরে। **আনুমানিক মূল্য ঃ** টাকা ৫১,৬১,৬৯৩.১৩, **ই.এম.ডি. মূল্য ঃ** টাকা ১,০৩,২০০/-, টেন্ডার নথির মূল্য ঃ ০.০০, সম্পাদনের সময়/মেয়াদ গ্রহনকারী চিঠি জারি হওয়ার তারিখ থেকে ঃ ০৮ মাস।

- ই-টেন্ডার অনলাইনে জমা করা যাবে ১২.১০.২০২৩ বেলা ১৫.০০ ঘটিকা পর্যন্ত।
- বিস্তারিত তথ্য এবং দরপত্র জমা করতে দয়াকরে দেখুন ভারতীয় রেলওয়ের আইআরইপিএস ওয়েবসাইট-www.ireps.gov.in।

ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (ডব্লুএস)/

CPRO/ EL-150 এন.ই.আর./গোরক্ষপুর

দাহ্য পদার্থ নিয়ে ট্রেনে যাত্রা করবেন না

মেশিন ক্রাশ্বড ট্রেক ব্যালাস্টের প্রস্তুতকরণ, যোগান এবং গাদা করা

ই-টেণ্ডার নোটিস নং. ১০৬/ডব্লিউ-২/এপিডিজে তারিখঃ ১৯-০৯-২০২৩। নিম্নে উল্লেখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারি দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছেঃ **টেণ্ডার নং. ৩৪-এপি-III-২০২৩। কাজের নামঃ** আলিপুরদুয়ার জংশন মণ্ডলের অধীনে নিউ মাল জংশন ডিপোতে অনন্তিম সংশোধনী শ্লিপ সহিত আরডিএসও স্পেসিফিকেশন (আইআরএস-জিই-১) অনুরূপে মেশিন ক্রাশ্বড ট্রেক ব্যালাস্টের প্রস্তুতকরণ, যোগান এবং গাদা করা সহিত হোপারে ব্যালাস্টের লোডিং এবং হোপার থেকে ট্র্যাকে আনলোডিং করে সমরূপে বিস্তৃত করা কাজ। **টেণ্ডার রাশিঃ ১৩,৭৭,০৩,৩৪৪.৮০/- টাকা। বায়না রাশিঃ** ৮,৩৮,৫০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ১৩-১০-২০২৩** তারিখের **১৩.০০** ঘন্টায় **এবং খোলা যাবেঃ ১৩-১০-২০২৩** তারিখের **১৫.০০** ঘন্টায়। উপরোক্ত ই-টেণ্ডারের টেণ্ডার প্র-পত্রের সঙ্গে সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ), আলিপুরদুয়ার জংশন

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

E-Tender Notice

Online Bids are invited for the year 2023-24 from the bonafide contractors for Listed Work under SWM and 15th FC (Tied) in respect of **NIT No-789/SUSU/2023 dated-20/09/2023.** Last Date of Paper Submission on **28/09/2023.** For details information contact to the undersigned.

Sd/- Pradhan
SUSUNIA GRAM PANCHAYET

TENDER NOTICE No.: 11/2023-24

Tender ID: 2023_ZPHD_572257_1, 2023_ZPHD_572304_1, 2023_ZPHD_572334_1, 2023_ZPHD_572383_1, 2023_ZPHD_572453_1, 2023_ZPHD_572524_1, 2023_ZPHD_572575_1, 2023_ZPHD_572613_1, 2023_ZPHD_572645_1. Bid submission end date: **29.09.2023.** Bid Opening Date: **03.10.2023.** For details visit office of the undersigned.

Sd/-Prodhan
Simulpur GP

Office of the
RAGHABPUR GRAM PANCHAYAT
